কবিবরের একখানি চিত্র পরিষৎকে উপহার দিবার প্রস্তাব করায়, তাঁহার প্রস্তাব গৃহীত হয় ও তাঁহাকে কৃতজ্ঞতা জানান হয়। (৩) নব্যভারত-সম্পাদক দেবীপ্রসন্ন রায়চৌধুরী মহাশয় সম্বন্ধে শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত মহাশয় লিখিত একটি কবিতা শ্রীযুক্ত গণপতি সরকার বিদ্যারত্ন মহাশয় কর্তৃক পঠিত হয়। তৎপরে শ্রীযুক্ত রায় চুনীলাল বসু বাহাদুর, শ্রীযুক্ত রামানন্দ চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত ও শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়গণ আলোচনা করেন। (৪) অধ্যাপক বিপিনবিহারী সেন এম্ এ, বি এল্, মহাশয় সম্বন্ধে অধ্যাপক শ্রীযুক্ত পঞ্চানন মিত্র এম্ এ ও সভাপতি মহাশয় আলোচনা করেন।

সপ্তম বিশেষ অধিবেশন—৯ই মাঘ, শনিবার। পণ্ডিত সুরেশচন্দ্র সমাজপতি মহাশয়ের পরলোকগমনে এই বিশেষ অধিবেশন আহূত হয়। সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। সম্পাদক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয় জানাইলেন যে, বর্দ্ধমান বিভাগের কমিশনার ৺সুরেশ বাবুর প্রিয়বন্ধু শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ গুপ্ত এম্ এ, আই সি এস্ মহাশয় সমাজপতি মহাশয়ের স্মৃতির অনুষ্ঠানের জন্য ১০০৲ একশত টাকার একখানি চেক শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়ের হস্তে পাঠাইয়াছেন, তজ্জন্য তাঁহাকে কৃতজ্ঞতা জানান হইল। শ্রীযুক্ত জীবেন্দ্রকুমার দত্ত মহাশয়-রচিত এক কবিতা শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় পাঠ করেন। শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত ও শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ দত্ত মহাশয়গণ তাঁহাদের স্বরচিত কবিতাগুলি পাঠ করেন। শ্রীযুক্ত হেমেন্দ্রপ্রসাদ ঘোষ বি এ মহাশয় সমাজপতি মহাশয়ের জীবনী ও সাহিত্য-সাধনার বিষয়ে এক প্রবন্ধ পাঠ করেন। শ্রীযুক্ত যোগেন্দ্রকুমার চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত ললিতমোহন মুখোপাধ্যায়, শ্রীযুক্ত জলধর সেন, কুমার শ্রীযুক্ত মণীন্দ্রচন্দ্র সিংহ বাহাদুর এম্ বি ই, শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্, শ্রীযুক্ত বিপিনচন্দ্র পাল, শ্রীযুক্ত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ এম্ এ, শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র এম্ এ, ডাক্তার আবদুল গফুর সিদ্দিকী, শ্রীযুক্ত মণিলাল গঙ্গোপাধ্যায়, সভাপতি মহাশয় এবং শ্রীযুক্ত রায় কুঞ্জলাল সিংহ সরস্বতী মহাশয়গণ মৃত মহাত্মার বিবিধ গুণাবলী কীর্ত্তন করেন। সম্পাদক মহাশয় বিজ্ঞাপন করেন যে, চিত্রশিল্পী শ্রীযুক্ত হেমেন্দ্রনাথ মজুমদার মহাশয় ৺সমাজপতি মহাশয়ের এক তৈলচিত্র প্রস্তুত করিয়া পরিষদে দান করিবেন। পরিষদের পক্ষ হইতে চিত্রশিল্পী মহাশয়কে কৃতজ্ঞতা জানান হয়।

নবম বিশেষ অধিবেশন—৭ই চৈত্র, রবিবার। আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের চিত্র-প্রতিষ্ঠার জন্য এই সভা আহূত হয়। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। এই অধিবেশনে কলিকাতা, এমন কি, সুদূর মফঃস্বল হইতেও বহু লোক ৺রামেন্দ্র বাবুর স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনার্থ এই সভায় আগমন করেন। সভার প্রারম্ভে রামেন্দ্রসুন্দর-স্মৃতি-সমিতির সম্পাদক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয় উক্ত সমিতির কার্য্যবিবরণী পাঠ করিলেন। তিনি জানাইলেন, পরিষদের হিতৈষী বন্ধু ও রামেন্দ্রসুন্দর-স্মৃতি-সমিতির সহকারী সম্পাদক

শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় এবং অন্যান্য বান্ধবগণের চেষ্টায় এ পর্য্যন্ত ১৫৭১।০ টাকা আদায় হইয়াছে। তৎপরে মেদিনীপুর শাখা-পরিষৎ হইতে আগত উক্ত শাখার সহকারী সম্পাদক শ্রীযুক্ত মহেন্দ্রনাথ দাস মহাশয় "রামেন্দ্র-তর্পণ" নামক একটি কবিতা পাঠ করেন। শ্রীযুক্ত শ্যামলাল গোস্বামী ও শ্রীযুক্ত উপেন্দ্রচন্দ্র রাহা কর্ত্তৃক রচিত কবিতা দুইটি পঠিত বলিয়া গৃহীত হয়। তৎপরে শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় তাঁহার রচিত "রামেন্দ্রসুন্দর" নামক প্রবন্ধ পাঠ করেন। প্রবন্ধপাঠের পর শ্রীযুক্ত সভাপতি মহাশয় রামেন্দ্রসুন্দর সম্বন্ধে কিছু বলিয়া তৈলচিত্রের আবরণ উন্মোচন করেন। এই তৈলচিত্রখানি সাহিত্য-পরিষদের অকৃত্রিম বান্ধব ও রামেন্দ্রসুন্দর-স্মৃতিসমিতির অন্যতম সহকারী সম্পাদক শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় পরিষৎকে উপহার দেন। ইহার পরে শ্রীযুক্ত স্যর আশুতোষ চৌধুরী, শ্রীযুক্ত অমৃতলাল বসু, অধ্যক্ষ শ্রীযুক্ত জানকীনাথ ভট্টাচার্য্য, অধ্যক্ষ শ্রীযুক্ত গিরিশচন্দ্র বসু, শ্রীযুক্ত ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদ, শ্রীযুক্ত জলধর সেন, শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী, শ্রীযুক্ত গঙ্গাপ্রসন্ন ঘোষ, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত ও শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয়গণ ৺রামেন্দ্র বাবুর বিবিধ গুণাবলী—তাঁহার সাহিত্য-পরিষৎ ও সাহিত্য-প্রীতির পরিচয় প্রদান করেন। শ্রীযুক্ত সম্পাদক মহাশয় বিজ্ঞাপন করিলেন যে, রামেন্দ্র বাবুর পাঁচথুপী-নিবাসী বাল্যবন্ধু শ্রীযুক্ত শশিভূষণ সিংহ মহাশয় স্মৃতি-সমিতির সাহায্যকল্পে ৫০৲ টাকা দান করিবেন। এই দানের জন্য তিনি শশী বাবুকে পরিষদের পক্ষ হইতে ধন্যবাদ জ্ঞাপন করিলেন। শ্রীযুক্ত সভাপতি মহাশয় চিত্রদানের জন্য শ্রীযুক্ত প্রবোধ বাবুকে, এই চিত্রখানি অল্প পারিশ্রমিক লইয়া আঁকিয়া দিবার জন্য চিত্রশিল্পী শ্রীযুক্ত পুলিনকৃষ্ণ কুণ্ডু মহাশয়কে এবং এই অধিবেশনের যাবতীয় কার্য্য সুসম্পন্ন করিবার জন্য শ্রীযুক্ত নলিনী বাবুকে আন্তরিক ধন্যবাদ জানাইলেন।

ধারাবাহিক বক্তৃতা

(ক) **পঞ্চম বিশেষ অধিবেশন**—৯ই আশ্বিন, শনিবার। সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী। এই অধিবেশনে শ্রীযুক্ত অর্দ্ধেন্দুকুমার গঙ্গোপাধ্যায় বি এ এটর্ণি মহাশয় "গান্ধারের ভাস্কর্য্য" নামক এক প্রবন্ধ পাঠ করেন এবং ছায়াচিত্রের সাহায্যে তাঁহার বক্তব্য বিষয়গুলি ব্যাখ্যা করেন।

(খ) **অষ্টম বিশেষ অধিবেশন**—২৮শে ফাল্গুন, শনিবার। এই অধিবেশনে অধ্যাপক শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ এম্ এ মহাশয় শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ মহাশয়-প্রদত্ত অর্থে প্রকাশ্য সাহিত্য-সংরক্ষণ-গ্রন্থাবলীর অন্তর্ভুক্ত গিজোর (Guizot) "ইউরোপীয় সভ্যতার ইতিহাসে"র অনুবাদ (ষষ্ঠ অধ্যায়) পাঠ করেন।

(গ) **দশম বিশেষ অধিবেশন**—১৭শে চৈত্র, শুক্রবার। সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী। এই অধিবেশনে আচার্য্য শ্রীযুক্ত স্যর জগদীশচন্দ্র বসু এফ্ আর্ এস্, সি এস্ আই, সি আই ই, এম্ এ, ডি এস্‌সি মহাশয় "স্নায়ুসূত্রে উত্তেজনা-প্রবাহ" নামক প্রবন্ধ পাঠ করেন এবং ছায়াচিত্রের সাহায্যে তাঁহার বক্তব্য বিষয়

ব্যাখ্যা করেন। বৈজ্ঞানিক বক্তৃতার উপযোগী স্থান ও যন্ত্রাদির সুবিধার জন্য বক্তার অভিপ্রায়ানুসারে 'বসু-বিজ্ঞান-মন্দিরে' এই বক্তৃতার ব্যবস্থা করা হয়।

(ঘ) **একাদশ বিশেষ অধিবেশন**—২৪এ চৈত্র, বুধবার। এই অধিবেশনে অধ্যাপক শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ এম্ এ মহাশয় শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ মহাশয়-প্রদত্ত অর্থে প্রকাশ্য সাহিত্য-সংরক্ষণ-গ্রন্থাবলীর অন্তর্গত গিজোর (Guizot) "ইউরোপীয় সভ্যতার ইতিহাসে"র অনুবাদ (৭ম অধ্যায়) পাঠ করেন।

(ঙ) **দ্বাদশ বিশেষ অধিবেশন**—২২এ জ্যৈষ্ঠ ১৩২৮, রবিবার। শ্রীযুক্ত বিনয়তোষ ভট্টাচার্য্য এম্ এ মহাশয় "ব্রহ্মা"-শীর্ষক প্রবন্ধ পাঠ করেন। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

(চ) **ত্রয়োদশ বিশেষ অধিবেশন**—২৪এ জ্যৈষ্ঠ ১৩২৮, মঙ্গলবার। এই অধিবেশনে অধ্যাপক শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহাশয় "বিষ্ণু" নামক প্রবন্ধ পাঠ করেন। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন।

(ছ) **চতুর্দ্দশ বিশেষ অধিবেশন**—২৬এ জ্যৈষ্ঠ ১৩২৮, বৃহস্পতিবার। এই অধিবেশনে পরিষদের সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় "মহাদেব" নামক প্রবন্ধ পাঠ করেন।

ধারাবাহিক বক্তৃতা

ভূতপূর্ব্ব সভাপতি জগন্মান্য আচার্য্য শ্রীযুক্ত স্যর জগদীশচন্দ্র বসু মহাশয় সাহিত্য, ইতিহাস, দর্শন বিজ্ঞানাদি নানা বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিগণ দ্বারা লোক-শিক্ষার উপযোগী বক্তৃতার প্রবর্ত্তন করিয়াছিলেন। আলোচ্য বর্ষে এই শ্রেণীর সাতটি বক্তৃতা হয়।

আলোচ্য বর্ষের ৫ম, ৮ম, ১০ম, ১১শ, ১২শ, ১৩শ, ও ১৪শ, বিশেষ অধিবেশনে এই সকল বক্তৃতা হইয়া গিয়াছে। উক্ত অধিবেশনগুলির বিবরণের মধ্যে এই সকল বক্তৃতার পরিচয় দেওয়া হইয়াছে। এই শ্রেণীর বক্তৃতার প্রবর্ত্তক স্বয়ং আচার্য্য শ্রীযুক্ত স্যর জগদীশচন্দ্র বসু, শ্রীযুক্ত অর্দ্ধেন্দুকুমার গঙ্গোপাধ্যায়, মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী, শ্রীযুক্ত বিনয়তোষ ভট্টাচার্য্য ও শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ। ইঁহারা প্রত্যেকে এক একটি বক্তৃতা করেন এবং শ্রীযুক্ত রবীন্দ্রনারায়ণ ঘোষ মহাশয় শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের প্রদত্ত অর্থে প্রকাশ্য সাহিত্য-সংরক্ষণ-গ্রন্থাবলীর অন্তর্ভুক্ত গিজোর (Guizot) "ইউরোপীয় সভ্যতার ইতিহাসে"র বঙ্গানুবাদ ২টি অধিবেশনে পাঠ করেন। এই বক্তৃতা ধারাবাহিকভাবে হইতেছে বলিয়া, এই শ্রেণীর অন্তর্ভুক্ত করা হইল। এতদ্ব্যতীত কার্য্যনির্ব্বাহক-সমিতি গত শীতকালের জন্য পরিষদের নবগঠিত সাহিত্য, ইতিহাস, দর্শন, বিজ্ঞান এই শাখার দ্বারা ৩টি করিয়া ১২টি বক্তৃতার প্রস্তাব গ্রহণ করেন। নানাকারণে বর্ষমধ্যে বক্তৃগণ সুবিধামত দিন নির্দ্ধারণ করিতে পারেন নাই বলিয়া, ঐ ১২টি বক্তৃতার ব্যবস্থা হইয়া উঠে নাই। আশা করা যায়, আগামী বর্ষে প্রথম হইতেই আলোচ্য বর্ষের নির্দ্ধারণানুসারে উক্ত বারটি বক্তৃতার ব্যবস্থা হইবে।

বক্তৃতার জন্য বক্তা ও বক্তৃতার অধিকাংশ বিষয় আলোচ্য বর্ষেই নির্দ্ধারিত হইয়া গিয়াছে। কার্য্যনির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, এই ১২টি বক্তৃতা বর্ষশেষে পুস্তকাকারে প্রকাশিত হইবে। কোন্ কোন্ বিষয়ে কোন্ কোন্ বক্তা বক্তৃতা করিবেন, তাহা সাহিত্যাদি শাখার বিবরণ মধ্যে যথাস্থানে প্রদত্ত হইয়াছে।

কার্য্যালয়। (ক) **কার্য্যালয়**—আলোচ্য বর্ষে নিম্নলিখিত সদস্যগণ পরিষদের বিবিধ কর্ম্মাধ্যক্ষপদে অধিষ্ঠিত ছিলেন।

সভাপতি—	মহামহোপাধ্যায় শ্রীযুক্ত	হরপ্রসাদ শাস্ত্রী
সহকারী সভাপতি—	”	স্যর আশুতোষ চৌধুরী
	”	স্যর প্রফুল্লচন্দ্র রায়
	”	স্যর দেবপ্রসাদ সর্ব্বাধিকারী
	”	রায় চুণীলাল বসু বাহাদুর
মহারাজ	”	স্যর মণীন্দ্রচন্দ্র নন্দী
মহারাজাধিরাজ	”	স্যর বিজয়চাঁদ মহাতাপ
রাজা রাও	”	যোগীন্দ্রনারায়ণ রায় বাহাদুর
	”	যদুনাথ সরকার
সম্পাদক—	”	খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
সহকারী সম্পাদক—	”	জ্ঞানেন্দ্রনাথ ঘোষ
	”	প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়
	”	হেমচন্দ্র ঘোষ
	”	গণপতি সরকার বিদ্যারত্ন
	”	হিরণকুমার রায় চৌধুরী
	”	অমূল্যচরণ বিদ্যাভূষণ।
পত্রিকাধ্যক্ষ—	”	খগেন্দ্রনাথ মিত্র
কোষাধ্যক্ষ—	”	প্রফুল্লনাথ ঠাকুর
ছাত্রাধ্যক্ষ—	মৌলবী	মুহম্মদ শহীদুল্লাহ
চিত্রশালাধ্যক্ষ—	শ্রীযুক্ত	মনোমোহন গঙ্গোপাধ্যায়
গ্রন্থাধ্যক্ষ—	”	পঞ্চানন মিত্র
আয়-ব্যয়-পরীক্ষক—	”	উপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়
	”	ভূতনাথ মুখোপাধ্যায়।

সহকারী সম্পাদক—শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহাশয়ের উপর কার্য্যালয়ের সর্ব্ববিধ কার্য্যভার অর্পিত ছিল। শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ ঘোষ, শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় ও শ্রীযুক্ত হেমচন্দ্র ঘোষ মহাশয়ের উপর আয়-ব্যয়-সংক্রান্ত সর্ব্ববিধ কার্য্যভার ন্যস্ত ছিল। শ্রীযুক্ত গণপতি সরকার বিদ্যারত্ন মহাশয়ের উপর শাখা-পরিষৎ, সাহিত্য-সম্মিলন,

স্মৃতিরক্ষা-সম্পর্কীয় কার্য্য এবং মাসিক ও বিশেষ অধিবেশনের কার্য্য অর্পিত ছিল এবং শ্রীযুক্ত হিরণকুমার রায় চৌধুরী মহাশয়ের উপর ছাপাখানা-সমিতি ও তৎসম্পর্কীয় পত্রিকাদি ও গ্রন্থাবলী প্রকাশের কার্য্য অর্পিত ছিল। সহকারী সম্পাদকগণ নিজ নিজ বিভাগের কার্য্য যথেষ্ট পরিশ্রম ও যত্নসহকারে সম্পাদন করিয়া সম্পাদককে বিশেষ উপকৃত করিয়াছেন।

পত্রিকাধ্যক্ষ—শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র মহাশয় সপ্তবিংশ ভাগ পত্রিকার চারি সংখ্যা প্রকাশ করিয়াছেন। কোষাধ্যক্ষ—শ্রীযুক্ত প্রফুল্লনাথ ঠাকুর মহাশয় পরিষদের অর্থাদি রক্ষণাবেক্ষণের যথোচিত ব্যবস্থা করিয়াছিলেন। ছাত্রাধ্যক্ষ—মৌলবী মুহম্মদ শহীদুল্লাহ্ সাহেবের উপর ছাত্র-সভ্যগণের অধিবেশনাদি আহ্বান ও তাঁহাদিগকে উপদেশদানের ভার অর্পিত ছিল। শ্রীযুক্ত মনোমোহন গঙ্গোপাধ্যায় মহাশয় চিত্রশালাধ্যক্ষ পদগ্রহণ করায়, পরিষদের বিশেষ উপকার হইয়াছে। তাঁহার কর্ত্তৃত্বাধীনে চিত্রশালার কার্য্যের সকল বিভাগেই সমধিক উন্নতি হইয়াছে। গ্রন্থাধ্যক্ষ—শ্রীযুক্ত পঞ্চানন মিত্র মহাশয় গ্রন্থশালার কার্য্য নির্ব্বাহ করিয়াছেন। শ্রীযুক্ত উপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত ভূতনাথ মুখোপাধ্যায় মহাশয়দ্বয় পরিষদের আয়-ব্যয়-পরীক্ষার কার্য্য যথেষ্ট পরিশ্রম ও যত্নসহকারে সম্পাদন করিয়াছেন। সম্পাদক এই সকল কার্য্যাধ্যক্ষগণের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ।

(খ) **কার্য্যনির্ব্বাহক সমিতি**—নিম্নলিখিত সদস্যগণ আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক সমিতির সভ্যরূপে নির্ব্বাচিত ছিলেন,—

(১) সাধারণ সদস্যগণকর্ত্তৃক নির্ব্বাচিত

শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত
„ রায় যতীন্দ্রনাথ চৌধুরী
৺সুরেশচন্দ্র সমাজপতি
শ্রীযুক্ত রায় সাহেব নগেন্দ্রনাথ বসু
„ হেমেন্দ্রপ্রসাদ ঘোষ
„ মৃণালকান্তি ঘোষ
„ হেমচন্দ্র দাশগুপ্ত
„ রায় বঙ্কিমচন্দ্র মিত্র বাহাদুর
„ জ্ঞানরঞ্জন বন্দ্যোপাধ্যায়
„ কিরণচন্দ্র দত্ত

আলোচ্য বর্ষমধ্যে সুরেশচন্দ্র সমাজপতি মহাশয়ের পরলোকপ্রাপ্তি হওয়ায়, শ্রীযুক্ত রায় কৃষ্ণলাল সিংহ সরস্বতী মহাশয় কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক এই সমিতির সভ্য নির্ব্বাচিত হইয়াছিলেন।

শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায়
ডাক্তার আবদুল গফুর সিদ্দিকী
শ্রীযুক্ত ললিতচন্দ্র মিত্র
„ নলিনীরঞ্জন পণ্ডিত
„ রমাপ্রসাদ চন্দ
„ বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ
„ ডাঃ রমেশচন্দ্র মজুমদার
„ বাণীনাথ নন্দী সাহিত্যানন্দ
„ মন্মথমোহন বসু

(২) শাখা-পরিষৎ-সমূহ হইতে নির্ব্বাচিত

শ্রীযুক্ত আশুতোষ চট্টোপাধ্যায়
৺বোধিসত্ত্ব সেন
শ্রীযুক্ত যতীন্দ্রমোহন বাগচী
„ সুরেন্দ্রচন্দ্র রায় চৌধুরী
„ দেবেন্দ্রনাথ সরকার
„ হরিহর শাস্ত্রী

এই কয় জনের মধ্যে বোধিসত্ত্ব সেন মহাশয়ের মৃত্যু হওয়ায়, কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম্ এ মহাশয় এই সমিতির সভ্য নির্ব্বাচিত হইয়াছিলেন।

আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক-সমিতির ১৪টি সাধারণ ও ১টি বিশেষ অধিবেশন হইয়াছিল। এতদ্ব্যতীত তিনবার সার্কুলার দ্বারা কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্যগণের মত গ্রহণ করা হয়। কার্য্যনির্ব্বাহক-সমিতিতে আলোচিত বিষয়গুলির মধ্যে কতিপয় উল্লেখযোগ্য বিষয়ের বিবরণ নিম্নে প্রদত্ত হইল,—

(১) পরিষদ্ গ্রন্থাবলীর প্রচারের জন্য ২৭৬৮/০ টাকা মূল্যের ২২ খানি গ্রন্থ নামমাত্র ৫৲ টাকা মূল্যে বিক্রয়ের ব্যবস্থা করা হইয়াছে। সাধারণের পক্ষে ঐ সকল গ্রন্থের মূল্য ৬৲ টাকা নির্দ্দিষ্ট রহিয়াছে।

(২) কাগজের মূল্য বৃদ্ধি হওয়ায়, এককালে কিছু সুবিধা দরে অধিক কাগজ ক্রয় করিবার উপযুক্ত অর্থসংগ্রহের জন্য সদস্যগণের নিকট এককালে সংবৎসরের চাঁদা অগ্রিম চাওয়ার প্রস্তাব গৃহীত হয়।

(৩) কবি অক্ষয়কুমার বড়াল মহাশয়ের বাসগৃহ ইম্প্রুভমেণ্ট ট্রাষ্ট হস্তগত করিয়া ঐ স্থানে রাস্তা করিয়াছেন। ঐ স্থানে একটি স্মৃতিফলক প্রতিষ্ঠার জন্য উক্ত ট্রাষ্টকে অনুরোধ করার প্রস্তাব গৃহীত হইয়াছে।

(৪) পরিষদের গৃহনির্ম্মাণ-তহবিলে যে সকল সহৃদয় ব্যক্তি ৫০০৲ অথবা তদূর্দ্ধ টাকা সাহায্য করিয়াছেন, তাঁহাদের নাম মর্ম্মরফলকে খোদিত করিয়া মন্দিরগাত্রে সংলগ্ন করিবার প্রস্তাব গৃহীত হইয়াছে।

(৫) পরিষৎ-পত্রিকায় যে সকল প্রবন্ধ প্রকাশিত হয়, সেগুলির সারাংশ ইংরাজী ভাষায় তর্জ্জমা করিয়া পত্রিকার সহিত প্রকাশের প্রস্তাব গৃহীত হইয়াছে। ভারতের অন্যান্য স্থানের ও বিদেশের পণ্ডিত-সমাজের আলোচনার জন্য প্রবন্ধগুলির ঐরূপ ইংরাজী তর্জ্জমার ব্যবস্থা হইয়াছে।

(৬) পরিষদের মাসিক অধিবেশনে পঠিত প্রবন্ধ সম্বন্ধে যে সকল আলোচনা হয়, সেই সকল আলোচনা অধিবেশনের কার্য্য-বিবরণের সহিত প্রকাশ না করিয়া, ঐ সকল প্রবন্ধের সহিত পরিষৎ-পত্রিকায় প্রকাশের প্রস্তাব গৃহীত হইয়াছে।

(৭) কিছুদিনের জন্য অর্দ্ধেন্দু-স্মৃতি-পাঠাগারের পুস্তকাদি পরিষৎ-মন্দিরে পৃথক্‌ভাবে নির্দ্দিষ্ট স্থানে রাখিবার প্রস্তাব গৃহীত হইয়াছে।

(৮) নূতন তৃতীয় নিয়ম অনুসারে গঠিত সাহিত্য, ইতিহাস, দর্শন ও বিজ্ঞান-শাখার এবং ৫২ সংখ্যক নিয়মানুসারে ছাপাখানা, আয়-ব্যয়, চিত্রশালা ও পুস্তকালয়-সমিতির নিয়মাবলী গঠিত হইয়াছে।

(৯) নিম্নলিখিত শাখা-সমিতিগুলি গঠিত হইয়াছিল—(ক) পরিষৎ-প্রতিষ্ঠার দিন উৎসব করিবার প্রস্তাব আলোচনার জন্য গঠিত শাখা-সমিতি, (খ) পরিষৎ যে সকল স্মৃতিরক্ষার প্রস্তাব গ্রহণ করিয়াছেন, সেই সকল কার্য্যে পরিণত করিবার ব্যবস্থার জন্য

গঠিত শাখা-সমিতি, (গ) গুরুদাস চট্টোপাধ্যায়-স্মৃতি-তহবিল হইতে প্রকাশ্য চিত্র-নির্দ্ধারণ জন্য গঠিত শাখা-সমিতি, (ঘ) বিশ্ববিদ্যালয় কমিশনের রিপোর্ট আলোচনার জন্য গঠিত শাখা-সমিতির সভ্য বৃদ্ধি, (ঙ) পুরস্কার প্রবন্ধগুলির বিষয় নির্ব্বাচন করিবার জন্য গঠিত শাখা-সমিতি। এতদ্ব্যতীত কতিপয় স্মৃতি-সমিতি রহিয়াছে। তাহাদের বিবরণ পূর্ব্ব পূর্ব্ব বৎসরে দেওয়া গিয়াছে। (বর্ষশেষে ৩৬ (ক) নিয়মানুসারে ১১শ মাসিক অধিবেশনে ভোট-পরীক্ষক নির্ব্বাচিত হইয়াছে।)

(১০) বঙ্গভাষায় ডাক্তারী শিক্ষাদানের প্রথা প্রচলন করিবার জন্য কর্ত্তৃপক্ষের নিকট আবেদন করিবার প্রস্তাব গৃহীত হইয়াছে।

(১১) নিয়মাবলী পরিবর্ত্তনের জন্য কতিপয় সদস্যের প্রস্তাব আলোচিত হইয়াছিল। যে সকল প্রস্তাব গৃহীত হইয়াছিল, তাহা পৃথক্ "নিয়মাবলী পরিবর্ত্তন"-শীর্ষে দেওয়া হইল।

(১২) বজেটের অতিরিক্ত কতিপয় ব্যয় মঞ্জুর ব্যতীত কার্য্যনির্ব্বাহক-সমিতি নিম্নলিখিত ব্যয় করিবার প্রস্তাব গ্রহণ করিয়াছেন—(ক) আচার্য্য রামেন্দ্রসুন্দরের স্মৃতিফলক প্রস্তুত করিবার জন্য ৪০০৲, (খ) বিজ্ঞান-শাখার প্রস্তাব মত বৈজ্ঞানিক-পরিভাষা সঙ্কলনের জন্য আপাততঃ একজন লেখকের বেতন ৩০৲, (গ) চিত্রশালার দ্রব্যাদি মেরামত প্রভৃতির জন্য ৩০০৲, (ঘ) আদায়কারীদিগের ও বেহারাগণের ২৲। ৩৲ হিসাবে প্রত্যেকের মাসিক বেতন বৃদ্ধি, (ঙ) সংবর্দ্ধনার জন্য ৫০৲, (চ) প্রত্ন-তত্ত্ব আলোচনার জন্য একজন শিক্ষার্থীকে বঙ্গের বাহিরে কোন চিত্রশালায় থাকিবার ব্যয় বাবদ ১০০৲।

(১৩) পরিষদের অনুরোধ অনুসারে, বঙ্গীয় গবর্মেণ্ট গ্রন্থপ্রকাশার্থ যে ১২০০৲ টাকা প্রতি বর্ষে দান করিতেছিলেন, তাহা গ্রন্থাগারের জন্য ব্যয় করিবার আদেশ দেওয়ায়, কার্য্য-নির্ব্বাহক-সমিতি গ্রন্থপ্রকাশের জন্য বজেটে ৩৬০০৲ টাকার স্থলে ২৪০০৲ ব্যয় করিবেন স্থির করিয়াছেন।

কার্য্যনির্ব্বাহক-সমিতিতে ও অন্যান্য শাখা-সমিতিতে যে সকল সদস্য সভ্যরূপে কার্য্য করিয়া পরিষদের বিভিন্ন কার্য্যসম্পাদনে সম্পাদককে সাহায্য করিয়াছেন, তজ্জন্য তাঁহাদের নিকট সম্পাদক বিশেষভাবে ঋণী এবং তাঁহাদের নিকট পরিষদের পক্ষ হইতে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা যাইতেছে।

নিয়মাবলী পরিবর্ত্তন

আলোচ্য বর্ষে নিম্নোক্ত নিয়মাবলী পরিবর্ত্তিত হইয়াছে। নিম্নে পরিবর্ত্তিত নিয়ম প্রদত্ত হইল।

(১) ১২শ নিয়ম—"বঙ্গভাষায় অনুরাগী মাদ্রাসায় শিক্ষাপ্রাপ্ত লব্ধপ্রতিষ্ঠ মৌলবীগণ পরিষদের 'মৌলবী-সদস্য' নির্ব্বাচিত হইতে পারিবেন।"

—২৭শ বার্ষিক, ২য় মাসিক অধিবেশনে গৃহীত।

৩১ (ক)……………সেই পদের প্রস্তাবিত সভ্যের লিখিত সম্মতি জ্ঞাপন করিবেন।

—২৭শ বার্ষিক দশম মাসিক অধিবেশনে গৃহীত।

৩৫ (ক)……………। চৈত্র মাসের প্রথম মাসিক অধিবেশনে, কার্য্যনির্ব্বাহক-সমিতির সভ্যপদপ্রার্থী নহেন, এরূপ চারিজন সদস্যকে ভোট-পরীক্ষক নির্ব্বাচিত করা হইবে।

অনুসন্ধান সমিতি

আলোচ্য বর্ষের একাদশ মাসিক অধিবেশনে নদীয়া নগরের ও চৈতন্যদেবের জন্মভূমির সংস্থান-নির্ণয়ের বাদানুবাদ মীমাংসার জন্য পরিষদের নিকট উপস্থিত হওয়ায়, এ সম্বন্ধে তথ্য নির্ণয়ার্থ একটী ঐতিহাসিক-সমিতি গঠিত হইয়াছে।

সমিতির সভ্যগণের নাম পরিশিষ্টে প্রকাশিত হইল। এতদুপলক্ষে শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ, শ্রীযুক্ত মনোমোহন গঙ্গোপাধ্যায় ও সম্পাদক নবদ্বীপ গিয়া স্থানাদি পরিদর্শন করেন ও স্থানীয় প্রবীণদিগের মতামত জানিয়া আসেন।

চিত্রশালা

আলোচ্য বর্ষে চিত্রশালাধ্যক্ষ শ্রীযুক্ত মনোমোহন গঙ্গোপাধ্যায় বি ই মহাশয়ের তত্ত্বাবধানে চিত্রশালার কার্য্য সম্পাদিত হইয়াছিল। চিত্রশালার কার্য্য সুচারুরূপে সম্পাদনের জন্য নিয়মানুসারে কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক চিত্রশালা-সমিতি গঠিত হইয়াছিল। সমিতির সভ্যগণের নাম পরিশিষ্টে প্রদত্ত হইল। শ্রীযুক্ত মনোমোহন বাবু পদানুরোধে এই সমিতির আহ্বানকারী ছিলেন। আলোচ্য বর্ষে এই সমিতির তিনটি অধিবেশন হইয়াছিল। সমিতির নির্দ্দেশমত (১) টেকচাঁদ ঠাকুর ও (২) ভূদেব মুখোপাধ্যায় মহাশয়ের তৈলচিত্র এবং দুই খানি ছোট ছোট ব্রোমাইড চিত্র মেরামত করা হয়। রাসলীলার একটী চিত্র মেরামত করিবার বন্দোবস্ত করা হইয়াছে, চিত্রশালায় রক্ষিত প্রাচীন মূর্ত্তিগুলি মিলাইয়া লওয়া হয়, মূর্ত্তিগুলি সংরক্ষণের নিমিত্ত একটী কাষ্ঠাধার নির্ম্মিত হয়। চিত্রশালাধ্যক্ষ মহাশয় শ্রেণীভেদে মূর্ত্তিগুলি যথাস্থানে সজ্জিত করিয়া দিয়া ও তাহাদের বর্ণনাপূর্ণ তালিকা প্রস্তুত করিয়া সাধারণের বিশেষ সুবিধা করিয়া দিয়াছেন। বর্ষশেষে চিত্রশালায় রক্ষিত প্রাচীন ঐতিহাসিক স্থানের, মূর্ত্তি ও লেখের চিত্রগুলির তালিকা প্রস্তুত হইয়াছে। বঙ্গের নানাস্থান হইতে মূর্ত্তিসংগ্রহের সংকল্প গৃহীত হইয়াছে।

এই চিত্রশালা সম্পর্কে একটী উল্লেখযোগ্য প্রস্তাবের প্রতিশ্রুতি পাওয়া গিয়াছে। চিত্রশালার দ্বারা প্রত্নতত্ত্বালোচনার সাহায্য ও সুবিধা হয়—ইহা সকলেরই বাঞ্ছনীয়। চিত্রশালাধ্যক্ষ শ্রীযুক্ত মনোমোহন গঙ্গোপাধ্যায় মহাশয় এই উদ্দেশ্যে বঙ্গের বাহিরে যে কোন চিত্রশালায় একজন ছাত্র পাঠাইয়া তাঁহাকে প্রত্নতত্ত্ব-বিষয়ে জ্ঞানলাভের সুবিধা-দানের জন্য বৎসরে ২৪০৲ টাকা সাহায্য করিবার প্রতিশ্রুতি জানাইয়াছেন। পরিষৎ-সম্পাদক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয়ও এই উদ্দেশ্যে ৬০৲ দিবার প্রস্তাব করিয়াছেন। পরিষদের সাধারণ তহবিল হইতেও ১০০৲ টাকা এইজন্য ব্যয় করা হইবে, এইরূপ মন্তব্য আলোচ্য বর্ষে গৃহীত হইয়াছে। পরিষৎ শ্রীযুক্ত মনোমোহন বাবুর নিকট বিশেষভাবে কৃতজ্ঞ।

আলোচ্য বর্ষে শ্রেণীভেদে ৬৭টী দ্রব্য সংগৃহীত হইয়াছে। তন্মধ্যে, ১৬ খানি ইষ্টক, ৩৮টি বিভিন্ন দেশীয় আধুনিক মুদ্রা, ২টি প্রস্তরমূর্ত্তি, ১টি প্রস্তরস্তূপ, ১টি সিমলা পাহাড় হইতে প্রাপ্ত তামাক খাইবার সরঞ্জাম, ১টি বিদ্মেরে তুলাদণ্ড, ৬ খণ্ড প্রস্তরযুগের প্রস্তরের অস্ত্র, ১ দফায় ১০টি বিশ্রস্ত করতজ ও (Quartz Bead)ও ১ দফায় ১০টী বিশ্রস্ত তাম্র ও কাংস্য খণ্ড। এই সকল দ্রব্য নিম্নলিখিত ব্যক্তিগণের নিকট হইতে পাওয়া গিয়াছে—শ্রীযুক্ত হরিদাস চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত সূর্য্যকুমার পাল ও শ্রীযুক্ত ভোলানাথ কোঁচ, (১৩ খণ্ড নক্সাযুক্ত ইষ্টক), শ্রীযুক্ত হিরণকুমার রায়চৌধুরী (৩ খানি ইষ্টক), শ্রীযুক্ত ললিতাপ্রসাদ দত্ত (৩৮টি মুদ্রা), শ্রীযুক্ত পঞ্চানন রায় (২টি প্রস্তরমূর্ত্তি), শ্রীযুক্ত হেমচন্দ্র দাশগুপ্ত এম্ এ (তামাক খাইবার সরঞ্জাম), শ্রীযুক্ত রায় শরচ্চন্দ্র রায় বাহাদুর এম্ এ, বি এল্ (৬ খণ্ড প্রস্তর ও করতজ এবং তামার মালা)। পরিষৎ এই সকল প্রদাতৃগণের নিকট আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

আলোচ্য বর্ষে নিম্নলিখিত বিশিষ্ট ব্যক্তিগণ পরিষদের চিত্রশালা পরিদর্শন করিতে আসিয়াছিলেন,—

১। শ্রীযুক্ত কে এন্ দীক্ষিত, অফিঃ আর্কিওলজিক্যাল্ সুপাঃ, ইঃ সার্কেল।

২। শ্রীযুক্ত বিশ্বেশ্বরনাথ রায়, সুপাঃ সর্দ্দার মিউজিয়ম এণ্ড সুমের পাবলিক লাইব্রেরী; যোধপুর।

৩। শ্রীযুক্ত পণ্ডিত রামকর্ণ বিদ্বদ্রত্ন, যোধপুর।

৪। রায় শ্রীযুক্ত শরচ্চন্দ্র রায় বাহাদুর এম্ এ, বি এল্ (রাঁচী) প্রভৃতি বিজ্ঞান-কংগ্রেসের সভ্যগণ।

৫। শ্রীযুক্ত হীরালাল।

৬। ডাঃ এ ফুশে।

৭। শ্রীযুক্তা এনা ফুশে।

৮। মিঃ পার্সী ব্রাউন।

৯। শ্রীযুক্ত মিউরিয়ল পার্সী ব্রাউন।

১০। শ্রীযুক্ত রামষ্যা এম্ এল্ এ, মাদ্রাজ অন্ধ্র সাহিত্য-পরিষৎ, সেনেটের সভাপতি।

১২। ডাঃ এ কে কুমারস্বামী।

আলোচ্য বর্ষে শিল্পকলাবিৎ পণ্ডিত শ্রীযুক্ত অর্দ্ধেন্দুকুমার গঙ্গোপাধ্যায় বি এ এটর্ণি মহাশয় গান্ধার ভাস্কর্য্য সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করেন ও আলোকচিত্রের সাহায্যে প্রতিপাদ্য বিষয় বুঝাইয়া দেন।

শ্রীযুক্ত পঞ্চানন মিত্র এম্ এ মহাশয় আলোচ্য বর্ষে গ্রন্থাধ্যক্ষ ছিলেন। ৫২ সংখ্যক

গ্রন্থাগার ও পাঠাগার

নিয়মানুসারে পুস্তকালয়ের কার্য্য পরিচালন জন্য একটি পুস্তকালয়-সমিতি গঠিত হইয়াছিল। কার্য্যনির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক ১২ জন

সদস্য এই সমিতির সভ্য নির্ব্বাচিত হইয়াছিলেন। সভ্যগণের নাম পরিশিষ্টে প্রকাশিত হইল। এই সমিতির ৪টি অধিবেশন হয়।

কলিকাতা করপোরেশন হইতে এবারেও ৬৫০৲ সাহায্য পাওয়া গিয়াছে। তাঁহাদের সর্ত্তানুসারে ওয়ার্ড কমিশনর শ্রীযুক্ত পশুপতিনাথ দেব মহাশয় ও তৎপরে শ্রীযুক্ত কৃষ্ণলাল দত্ত বি এল্ মহাশয় পুস্তকালয়-সমিতির সভ্য ছিলেন এবং করপোরেশনের প্রদত্ত অর্থে পুস্তক খরিদ করা গিয়াছে।

আলোচ্য বর্ষে ২৭২ খানি বাঙ্গালা পুস্তক সংগৃহীত হইয়াছে, তন্মধ্যে ১৭৩ খানি ক্রীত ও অবশিষ্ট ৯৯ খানি উপহারস্বরূপ পাওয়া গিয়াছে। ২০৯ খানি সংগৃহীত ইংরাজি পুস্তকের মধ্যে ৫৬ খানি ক্রীত ও ১৫৩ খানি উপহার পাওয়া গিয়াছে। বর্ষমধ্যে সর্ব্বসমেত ৪৮১ খানি পুস্তক সংগৃহীত হইয়াছে। উপহারদাতৃগণের মধ্যে Smithsonian Institution—(Washington), American Anthropological Association, Boston Museum, Nebraska Oregon, Washington, Chicago North-Western Cornell ও Harvard Universityর কর্ত্তৃপক্ষ তাঁহাদের বহুমূল্য পুস্তক উপহার দিয়াছেন। তজ্জন্য পরিষৎ তাঁহাদের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ। অধ্যাপক শ্রীযুক্ত বিনয়কুমার সরকার মহাশয়ের উদ্যোগে আমরা ইহার কয়েকখানি পুস্তক পাইয়াছি। তজ্জন্য পরিষৎ তাঁহার নিকট বিশেষ কৃতজ্ঞ। অন্যান্য উপহারদাতৃগণের নিকট পরিষৎ কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

সাময়িক পত্রের মধ্যে ৬ খানি দৈনিক, ১ খানি ত্রৈমাসিক, ৪১ খানি সাপ্তাহিক, ৫ খানি পাক্ষিক, ৮৪ খানি মাসিক, ২ খানি দ্বৈমাসিক ও ৫ খানি ত্রৈমাসিক পত্রিকা পরিষৎ-পত্রিকার বিনিময়ে পাওয়া গিয়াছে। এতদ্ব্যতীত গবর্ণমেণ্টের নিকট হইতে Calcutta Gazette, India Gazette, Patent Office Notifications পাওয়া গিয়াছে। আলোচ্য বর্ষে পরিষৎ Indian Antiquary, Journal of the Royal Asiatic Society, Modern Review ও Discovery এই পত্রিকাগুলির গ্রাহকশ্রেণীভুক্ত হইয়াছেন। পরিশিষ্টে সাময়িক পত্রিকাগুলির তালিকা দেওয়া হইল।

কাগজের দুর্ম্মূল্যতাবশতঃ আলোচ্য বর্ষেও তালিকা মুদ্রণের কার্য্যে হস্তক্ষেপ করিতে পারা যায় নাই।

নির্দ্দিষ্ট ছুটীর দিন ব্যতীত প্রত্যহ ২টা হইতে ৮টা পর্য্যন্ত পাঠাগার খোলা থাকে। পাঠক-সংখ্যা দিন দিন বৃদ্ধি পাইতেছে।

শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহাশয় গ্রন্থাগারের উন্নতি ও সংস্কারসাধন জন্য যথেষ্ট পরিশ্রম করিয়াছেন। এই জন্য পরিষৎ তাঁহার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

পুথিশালার কার্য্য-বিবরণের প্রারম্ভেই একটি আনন্দের সংবাদ জ্ঞাপন করা আবশ্যক। অনেকেই বোধ হয় জানেন যে, শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ মহাশয় বহুদিন হইতে প্রাচীন পুথি সংগ্রহ করিতেছিলেন। দীর্ঘকাল যাবৎ অজস্র অর্থ ব্যয় করিয়া এ পর্য্যন্ত তিনি যত পুথি সংগ্রহ করিয়াছিলেন, বর্ত্তমান বর্ষে তাহা সমস্তই তিনি

পুথিশালা

পরিষৎকে দান করিয়াছেন। এই দানের জন্য পরিষৎ তাঁহাকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করিতেছেন। বলা বাহুল্য যে, তাঁহার প্রদত্ত পুথিগুলি পরিষদের অন্তর্ভুক্ত হইয়া, পরিষদের পুথিশালার গৌরব বৃদ্ধি করিয়াছে।

১৩২৭ সালের প্রারম্ভে হস্তলিখিত প্রাচীন পুথির সংখ্যা ছিল ৩৯৬৮। তৎপরে বর্ষমধ্যে পরিষদের বন্ধুগণের নিকট হইতে ৪৩৮ খানি পুথি উপহার পাওয়া গিয়াছে। তন্মধ্যে ৪২৪ খানি পুথি শ্রীযুক্ত চিত্তরঞ্জন দাশ মহাশয়ের প্রদত্ত এবং শ্রীযুক্ত পূর্ণানন্দ রায় ২ খানি, শ্রীযুক্ত অন্নদাকুমার ভট্টাচার্য্য বিদ্যারত্ন তন্ত্ররত্ন ১২ খানি পুথি উপহার দিয়াছেন। ৪৭ খানি পুথি ক্রীত হইয়াছে। এইরূপে বর্ষশেষে পুথির সংখ্যা হইয়াছে ৪৪৫৩।

পুথির শ্রেণী—

বাঙ্গালা পুথি—	২৯১৬
সংস্কৃত পুথি—	১২৭২
অসমীয়া পুথি—	৩
ওড়িয়া পুথি—	৩
হিন্দী পুথি—	২
ফার্সী পুথি—	১২
তিব্বতীয় পুথি—	২৪৪
ইংরাজী পুথি—	১
মোট—	৪৪৫৩

ছাত্র-সভ্য

অধ্যাপক মৌলবী মুহম্মদ শহীদুল্লাহ, এম্ এ, বি এল্ মহাশয় আলোচ্য বর্ষে ছাত্রাধ্যক্ষ হন। আলোচ্য বর্ষে তিন জন ছাত্রসভ্য নূতন নির্ব্বাচিত হইয়াছেন। বর্ষশেষে ছাত্রসভ্যগণের সংখ্যা ৭৩ হইয়াছে। কিছু দিন হইতে ছাত্রসভ্যগণের উৎসাহের অভাব পরিলক্ষিত হওয়ায়, কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশ অনুসারে একটি সান্ধ্য-সম্মিলনের অনুষ্ঠান হয়। এই সান্ধ্য-সম্মিলনে পরিষদের সভাপতি মহাশয়, শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র, শ্রীযুক্ত মন্মথমোহন বসু, শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ ও কণিকার রাজা বাহাদুর ছাত্রগণকে নানা উপদেশ দেন। এতদ্ব্যতীত ছাত্রাধ্যক্ষ মহাশয় "বাঙ্গালা ভাষা ও বঙ্গীয় ছাত্র-সমাজ" নামক এক প্রবন্ধ পাঠ করেন। আলোচ্য বর্ষে ছাত্রসভ্যগণের দুইটি অধিবেশন হয়। এই দুইটি অধিবেশনের একটিতে ছাত্রসভ্য শ্রীযুক্ত সতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের "মেসোপটেমিয়ায় নক্ষত্র-উপাসনা" নামক এক প্রবন্ধ পঠিত হয় এবং অপরটিতে "বাঙ্গালা উচ্চারণ-তত্ত্ব" সম্বন্ধে দুইটি প্রবন্ধ পঠিত হয়।

পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় আলোচ্য বর্ষেও ছাত্রসভ্যগণকে বাঙ্গালা সাহিত্যের বিভিন্ন বিভাগে অনুসন্ধান, আলোচনা ও প্রবন্ধ-রচনার জন্য পুরস্কার দিবার ব্যবস্থা ছিল। দুঃখের বিষয়, কোন ছাত্রসভ্যই এই বিষয়ে মনোযোগী হন নাই এবং কোন রচনাই পরিষদের হস্তগত হয় নাই।

আলোচ্য বর্ষে নিম্নলিখিত বিষয়ে কতিপয় বিশেষ বিশেষ দান পাওয়া গিয়াছে। পরিষৎ এই সকল দান-প্রাপ্তিতে বিশেষ উপকৃত হইয়াছেন এবং দাতৃগণকে তজ্জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

বিশেষ বিশেষ দান

(ক) (১) দুঃস্থ সাহিত্যিক ভাণ্ডার—শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় ময়মনসিংহ সাহিত্য-সম্মিলনে এইরূপ একটি ভাণ্ডারের প্রতিষ্ঠার প্রস্তাব করিয়া ২৫৲ টাকা দিতে প্রতিশ্রুত হন। বর্ত্তমান বৎসরে এই ভাণ্ডারে তাঁহার প্রতিশ্রুত ২৫৲ পঁচিশ টাকা তিনি দান করিয়াছেন। তজ্জন্য পরিষৎ তাঁহার নিকট বিশেষ কৃতজ্ঞ।

(২) পরিষদের পরম হিতৈষী সদস্য শ্রীযুক্ত পুলিনবিহারী দত্ত মহাশয় এই ভাণ্ডারে ১৫০০৲ টাকার কোম্পানীর কাগজ এবং নগদ ৯৲ টাকা দান করিয়াছেন। তাঁহার নির্দ্দেশমত এই কাগজের সুদ হইতে পরলোকগত সাহিত্যিক মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয়ের দুঃস্থা কন্যাকে সাহায্য করা হইতেছে।

(খ) কবিবর অক্ষয়কুমার বড়াল মহাশয়ের স্মৃতি-রক্ষার জন্য সুবর্ণবণিক্‌সমাজ এককালে ২০০৲ টাকার কোম্পানীর কাগজ পরিষদের হস্তে দান করিয়াছেন। পরিষৎ এই সমাজের নিকট বিশেষভাবে কৃতজ্ঞ।

এতদ্ব্যতীত বিবিধ স্মৃতি-রক্ষার জন্য, সংবর্দ্ধনার জন্য ও অন্যান্য বাবদ যে সকল চাঁদা পাওয়া গিয়াছে, তাহা যথাস্থানে লিপিবদ্ধ হইল।

(৩) ব্যোমকেশ পারিবারিক-সাহায্য-ভাণ্ডারে এ বৎসর যে টাকা পাওয়া যায়, তাহা উক্ত পরিবারের সাহায্যার্থ ব্যয় হইয়াছে।

আলোচ্য বর্ষে নিম্নোক্ত কতিপয় কার্য্যের জন্য সদস্যগণের নিকট হইতে নিম্নলিখিত প্রতিশ্রুতি পাওয়া গিয়াছে। এই প্রতিশ্রুতি দানের জন্য পরিষৎ সেই সকল মহানুভব ব্যক্তির নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

বিশেষ বিশেষ প্রতিশ্রুতি

(১) শ্রীযুক্ত যতীন্দ্রনাথ ঘোষ (ব্যাঁটরা, হাওড়া) মহাশয় গ্রন্থপ্রকাশ-তহবিলে পাঁচ বৎসরের জন্য প্রতি বর্ষে ১০০৲ সাহায্য করিবেন, জানাইয়াছেন।

(২) শ্রীযুক্ত মনোমোহন গঙ্গোপাধ্যায় বি ই মহাশয় বঙ্গের বাহিরে যে কোন চিত্রশালায় প্রত্ন-তত্ত্ব আলোচনার জন্য এক বৎসরের জন্য মাসিক ২০৲ হিসাবে ২৪০৲ টাকা দান করিবেন, জানাইয়াছেন।

(৩) শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয়ও উক্ত উদ্দেশ্যে ৬০৲ সাহায্য করিবেন, জানাইয়াছেন।

(৪) শ্রীযুক্ত কুমারকৃষ্ণ দত্ত বি এ, এটর্ণি মহাশয় শ্রীযুক্ত অর্দ্ধেন্দুকুমার গঙ্গোপাধ্যায় মহাশয়-লিখিত "গান্ধারের ভাস্কর্য্য" গ্রন্থ চিত্রাদি সহ প্রকাশের ব্যয়ভার বহনের প্রতিশ্রুতি জানাইয়াছেন। শ্রীযুক্ত অর্দ্ধেন্দু বাবু উক্ত গ্রন্থের পাণ্ডুলিপি ঠিক করিয়া দিলে, তাহা মুদ্রণের ব্যবস্থা করা হইবে।

(৬) চিত্রশিল্পী শ্রীযুক্ত হেমেন্দ্রনাথ মজুমদার মহাশয় স্বর্গীয় পণ্ডিত সুরেশচন্দ্র সমাজপতি মহাশয়ের একখানি তৈলচিত্র আঁকিয়া পরিষৎকে দান করিবেন, জানাইয়াছেন।

(৭) শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় স্বর্গীয় কবিবর দেবেন্দ্রনাথ সেন মহাশয়ের একখানি চিত্র দান করিতে প্রতিশ্রুত হইয়াছেন।

পরিষদের বিভিন্ন তহবিলগুলির সংক্ষিপ্ত হিসাব পরিশিষ্টে প্রদত্ত হইল। এই সকল হিসাবই পরিষদের নির্ব্বাচিত শ্রীযুক্ত উপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি এল্ এবং শ্রীযুক্ত ভূতনাথ মুখোপাধ্যায়—এই দুই জন আয়-ব্যয়-পরীক্ষক কর্ত্তৃক যথারীতি পরীক্ষিত হইয়াছে। ইঁহারা উভয়েই যেরূপ অক্লান্ত পরিশ্রম স্বীকার করিয়া অসাধারণ অধ্যবসায়-সহকারে পরিষদের আয়-ব্যয়-পরীক্ষার কার্য্য সম্পন্ন করিয়া দিয়াছেন, তাহাতে তাঁহারা পরিষদের বিশেষ ধন্যবাদভাজন।

আয়-ব্যয়

পরিষদের গৃহপ্রবেশের সময়ে ইহার একটি স্থায়ী তহবিল স্থাপনের কল্পনা হয়। বড়ই দুঃখের বিষয় যে, অদ্যাবধি এই কল্পনা নিতান্ত আংশিকভাবে কার্য্যে পরিণত হইয়াছে। সাহিত্য-পরিষৎ বঙ্গীয় হইলেও, ইহার শাখা এখন বঙ্গের বাহিরে—ভারতের সুদূর প্রদেশ পর্য্যন্ত বিস্তৃত। বঙ্গদেশেও লক্ষ্মী-সরস্বতীর বরপুত্রের অপ্রতুল নাই। বঙ্গজননীর এই সকল কৃতী সন্তানগণ যৎকিঞ্চিৎ মনোযোগ করিলে অতি অল্পকালের মধ্যেই স্থায়ী তহবিল সংস্থাপিত হওয়া সম্পূর্ণ সম্ভবপর। লিখিতে দুঃখ হয় যে, আলোচ্য বর্ষে পরিষদের এই তহবিলে কোন দান পাওয়া যায় নাই।

পূর্ব্বকালে পরিষদের স্থায়ী তহবিল হইতে সাধারণ তহবিলে যে টাকা হাওলাত লওয়া হইয়াছিল, গত কয়েক বৎসর হইতে তাহা ক্রমশঃ শোধ করিবার ব্যবস্থা হইয়াছে এবং আলোচ্য বর্ষেও এই তহবিলের ৫০০৲ টাকা ঋণ সাধারণ তহবিল হইতে শোধ দেওয়া হইয়াছে।

আলোচ্য বর্ষে পরিষৎ-তহবিলে মোট আয় ২২৬৯৭৸৶০ টাকা এবং মোট ব্যয় ২২১৩৭।৴৯ টাকা। পূর্ব্ববৎসরের উদ্বৃত্ত ২৮৪৮৶৯ ধরিয়া বর্ষশেষে মোট ৮৪৫॥৵০ টাকা উদ্বৃত্ত হইয়াছে। এতদ্ব্যতীত কোম্পানীর কাগজ ও ডাকঘর সেভিংস্ ব্যাঙ্কে ২৪৫৩৯।৵৬ টাকা রহিয়াছে। বর্ষারম্ভে যে আনুমানিক আয়-ব্যয়-বিবরণ প্রস্তুত করা হইয়াছিল, তাহার সহিত তুলনা করিলে দেখা যাইবে যে, দেয় চাঁদার টাকা অনুমান অপেক্ষা অনেক অল্প-পরিমাণে আদায় হইয়াছে এবং এই কারণেই বর্ষশেষে দেনার পরিমাণ বাড়িয়া গিয়াছে ও গ্রন্থাবলী-মুদ্রণ জন্য বিভিন্ন ছাপাখানার প্রাপ্য ৬১৩৲ টাকার বিলও দেয় রহিয়া গিয়াছে। এ কথা বোধ হয়, কেহই অস্বীকার করিবেন না যে, পরিষদের বিস্তৃত কর্ম্মক্ষেত্রে আনুমানিক আয়ের উপর নির্ভর করিয়াই বর্ষারম্ভে কার্য্য আরম্ভ করিতে হয়। কিন্তু বর্ষশেষে আদায় কম হইলে, প্রারব্ধ কার্য্য অনাদায়ের পরিমাণে বাকী থাকিয়া যায় এবং ঋণের পরিমাণও অযথা বাড়িয়া যায়। অথচ সদস্যগণের প্রদত্ত চাঁদাই প্রকৃতপক্ষে পরিষদের জীবন। অতএব পরিষদের সদস্যগণকে আমি একান্ত অনুরোধ করিতেছি যে, তাঁহারা যেন অনুগ্রহপূর্ব্বক তাঁহাদের বাকী চাঁদা ও বর্ত্তমান বর্ষের চাঁদা অবিলম্বে পরিশোধ করিয়া, পরিষদের উন্নতিকল্পে সহায়তা করেন।

পরিষদের নবপ্রবর্ত্তিত সংশোধিত নিয়মাবলী অনুসারে আলোচ্য বর্ষে আয়-ব্যয়-সমিতি নামে একটি নূতন শাখা-সমিতি গঠিত হইয়াছে। পরিষদের আয়-ব্যয়-সম্বন্ধে বিশেষরূপ বিবেচনা করা, আয় বৃদ্ধি ও ব্যয় লাঘবের উপায় উদ্ভাবন করা এই সমিতির মুখ্য কার্য্য। এতদ্ভিন্ন পূর্ব্ব পূর্ব্ব বৎসরে বজেট-সমিতির যে সমস্ত নির্দ্দিষ্ট কার্য্য ছিল, সেগুলিও এই সমিতির উপর ন্যস্ত হইয়াছে। আলোচ্য বর্ষে এই সমিতির ৮টি অধিবেশন হইয়াছে। সমিতির সদস্যেরা অসীম উদ্যম ও অসাধারণ পরিশ্রম করিয়া কার্য্য করিয়াছেন। তাঁহারা সকলেই পরিষদের বিশেষ ধন্যবাদভাজন। আশা করি, পরিষদের কার্য্যে তাঁহাদের সহানুভূতির অভাব হইবে না।

পরিষদের স্থাপিত স্মৃতি-তহবিলেই অনেক প্রতিশ্রুত টাকা অনাদায়ী হইয়া রহিয়াছে—এবং প্রায় সকলগুলিতেই প্রয়োজনানুযায়ী টাকার সামান্য অংশমাত্র সংগৃহীত হইয়াছে, অথচ স্মৃতি-তহবিলের সংখ্যা ক্রমশঃই বর্দ্ধিত হইয়া চলিয়াছে। ইহাতে একদিকে যেমন স্মৃতিরক্ষা কার্য্যে অযথা বিলম্ব ঘটিতেছে, অপর দিকে তেমনি পরিষদের হিসাবে জটিলতা বৃদ্ধি পাইতেছে। এ কারণ সর্ব্বসাধারণকে অনুরোধ করিতেছি যে, তাঁহারা অনুগ্রহপূর্ব্বক পরিষৎকে এই কর্ত্তব্যকার্য্যে বিশেষভাবে সাহায্য করিয়া, এই দায় হইতে উদ্ধার করিয়া দিন। বর্ত্তমান বর্ষে যাহাতে স্মৃতিগুলি রক্ষা করিবার সুব্যবস্থা হইতে পারে, চাঁদাদাতৃগণ যদি সে দিকে মনোযোগ করেন, তাহা হইলে পরিষদের এই আবেদন সম্পূর্ণ সফল হইবে। পরিষদের পরমহিতৈষী বন্ধু শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় স্বতঃপ্রণোদিত হইয়া যথেষ্ট কষ্ট এবং ত্যাগস্বীকার ও অক্লান্ত পরিশ্রম করিয়া বিভিন্ন স্মৃতি-তহবিলের অনেক টাকা আদায় করিয়া দিয়াছেন। কেবল স্মৃতিরক্ষার চাঁদা আদায় কার্য্য নহে, তজ্জন্য চিত্র আহরণ, উপহার-পুস্তক সংগ্রহ, দুঃস্থ সাহিত্যিক-ভাণ্ডারে চাঁদা দান ইত্যাদি পরিষদের নানাবিধ বিষয়ে শ্রীযুক্ত নলিনী বাবু বহু দিবস হইতে পরিষৎকে বিশেষ সহায়তা করিয়া আসিতেছেন। এ জন্য তিনি পরিষদের একান্ত ধন্যবাদভাজন।

পরিশেষে বক্তব্য এই যে, পরিষদের স্থায়ী তহবিলের ও বিশিষ্ট-ভাণ্ডারের টাকা কোম্পানীর কাগজে, ডাকঘরে ও কোষাধ্যক্ষের নিকট মজুত আছে।

অধ্যাপক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্‌, এ মহাশয় আলোচ্য বর্ষে পত্রিকাধ্যক্ষ-পদে নিযুক্ত ছিলেন। তাঁহার নেতৃত্বে আলোচ্য বর্ষে চারি সংখ্যা পত্রিকা প্রকাশিত হইয়াছে। পূর্ব্ব পূর্ব্ব বৎসরের পত্রিকা-পরিচালন-সমিতি কর্ত্তৃক অনুমোদিত ও আলোচ্য বর্ষে বিভিন্ন শাখার অনুমোদিত কতিপয় প্রবন্ধ উক্ত চারি সংখ্যা পত্রিকায় স্থান পাইয়াছে।

সাহিত্য-পরিষৎ-পত্রিকা

আয়-ব্যয়-সমিতি আলোচ্য বর্ষে ২৭ ফর্ম্মায় পত্রিকা প্রকাশ করিবার জন্য নির্দ্দেশ করিয়াছিলেন। কাগজের দুর্ম্মূল্যতাবশতঃ আলোচ্য বর্ষে ২৪ ফর্ম্মায় পত্রিকা প্রকাশ করিতে হইয়াছিল। তথাপি কোন কোন প্রবন্ধ-সংশ্লিষ্ট কতিপয় চিত্র প্রকাশ করিতে উক্ত আয়-ব্যয়-সমিতির নির্দ্দিষ্ট ব্যয়েরও কিছু বেশী ব্যয় করিতে হইয়াছিল। গত বৎসরে গৃহীত মন্তব্য অনুসারে পরিষৎ-পত্রিকায় প্রকাশিত প্রবন্ধের সারমর্ম্ম ইংরাজিতে

লিপিবদ্ধ হইয়া মুদ্রিত হইতেছে। আলোচ্য বর্ষে নিম্নলিখিত শ্রেণীভেদে ১৫টি প্রবন্ধ পত্রিকায় প্রকাশিত হইয়াছে,—

সাহিত্য	... ...	১
প্রাচীন সাহিত্য	...	৯
লিপিতত্ত্ব	... ...	১
ভাষাতত্ত্ব	... ...	৩
বিজ্ঞান	... ...	১
		১৫

নিম্নে প্রবন্ধগুলির সারাংশ প্রদত্ত হইল। পত্রিকা সম্পাদনের জন্য পত্রিকাধ্যক্ষ মহাশয়ের ও যথাসময়ে পত্রিকা প্রকাশের জন্য ছাপাখানা-সমিতির নিকট পরিষৎ বিশেষ কৃতজ্ঞ।

১-২। "আসামে প্রাপ্ত প্রাচীন ভাষা-পুথির বিবরণ" নামক প্রবন্ধের লেখক শ্রীযুক্ত তারকেশ্বর ভট্টাচার্য্য এম্ এ মহাশয়। আসাম গবর্ণমেণ্টের অর্থব্যয়ে এবং শ্রীযুক্ত হেমচন্দ্র গোস্বামী মহাশয়ের চেষ্টায়, গৌহাটীর কমিশনার আফিসে বহুসংখ্যক প্রাচীন সংস্কৃত ও ভাষা-পুথি সংগৃহীত হইয়াছে। শ্রীযুক্ত তারকেশ্বর বাবু বহু পরিশ্রম করিয়া সেই সকল ভাষাপুথির বিবরণ সংগ্রহ করিয়াছেন। বর্ত্তমান বর্ষের ৩য় ও ৪র্থ সংখ্যা পরিষৎ-পত্রিকায় ঐ বিবরণ প্রকাশিত হইয়াছে এবং আগামী বর্ষের পত্রিকায়ও প্রকাশিত হইবে।

প্রাচীন সাহিত্য

বাঙ্গালা দেশে এ পর্য্যন্ত যত পুথি আবিষ্কৃত হইয়াছে, তাহার অধিকাংশই ধর্ম্ম-সম্বন্ধীয়। কিন্তু আসামে প্রাপ্ত এই সকল পুথিগুলির বিষয়-বৈচিত্র্য বাস্তবিকই বিস্ময়কর। ইহার মধ্যে হস্তিবিদ্যা, অশ্ববিদ্যা, জ্যোতিষ, গণিত, ইতিহাস, নাট্যকলা, আখ্যান ও নীতি-বিষয়ক গ্রন্থ বিশেষ উল্লেখযোগ্য। ইহার মধ্যে আবার এমন অনেক পুথি আছে, যাহা আগাগোড়া চিত্রময়। এই সমস্ত পুথির বিবরণ ক্রমশঃ পরিষৎ-পত্রিকায় প্রকাশিত হইবে। বর্ত্তমান বর্ষের দুই সংখ্যায় যে সকল পুথির বিবরণ প্রকাশিত হইয়াছে, তাহার নাম এই,—১। ভক্তিরত্নাকর, ২। কংসবধ যাত্রা, ৩। উৎকলখণ্ড, ৪। সন্তনির্ণয়, ৫। দিপিকাচন্দ।

৩। "বৌদ্ধ গান ও দোহা" প্রবন্ধের লেখক—মুহম্মদ্ শহীদুল্লাহ্ এম্ এ, বি এল্ মহাশয়। এই প্রবন্ধে তিনি "বৌদ্ধ গান ও দোহা" বইখানি সম্বন্ধে আলোচনা করিয়া দেখাইয়াছেন যে, বইখানিতে লিপিকরের ভুল, ছাপার ভুল ও পাঠোদ্ধারের ভুল, এই তিন রকমের ভুল আছে। প্রধানতঃ তিনি পাঠোদ্ধারের ভুল সম্বন্ধেই অধিক আলোচনা করিয়া, সেই সেই স্থলে নূতন পরিশুদ্ধ পাঠ কল্পনা করিয়াছেন এবং সেই পাঠের অনুকূলে বিবিধ ব্যাখ্যার অবতারণা করিয়াছেন।

৪। "বৌদ্ধ গান ও দোহা প্রবন্ধের আলোচনা" নামক প্রবন্ধে শ্রীযুক্ত তারাপ্রসন্ন ভট্টাচার্য্য মহাশয় দেখাইয়াছেন যে, পাঠোদ্ধারের ভুল কল্পনা করিয়া, মৌলবী সাহেব যে

সমস্ত আনুমানিক পাঠের কল্পনা করিয়াছেন, অধিকাংশ স্থলেই তাহা ঠিক হয় নাই এবং মূল পুথির পাঠেই বেশ সঙ্গত অর্থ হইতে পারে; সেই পাঠকে ভ্রম বলিবার কোনও যুক্তি-সঙ্গত কারণ নাই।

৫। "হেড়ম্বরাজ্যের ঋণাদানবিধি" নামক প্রবন্ধে শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্ এ মহাশয়, কাছাড়ের শেষ ভূপতি গোবিন্দচন্দ্র নৃপ বাহাদুর কর্তৃক সঙ্কলিত উক্ত নামধেয় একখানি আইন পুস্তকের পরিচয় দিয়া, তাহা অবিকল প্রকাশ করিয়াছেন। এই আইন-পুস্তকখানি উক্ত ভূপতি কর্তৃক ১৭৩৮ শকাব্দায় তাঁহার রাজ্যে প্রবর্ত্তিত হইয়াছিল। এই বইখানির সহিত উক্ত নৃপতির বিরচিত রাসলীলা-বিষয়ক কতকগুলি পদও প্রকাশিত হইয়াছে এবং প্রবন্ধের শেষে দাসদাসী-বিষয়ক একখানি ক্ষুদ্র পুথিও মুদ্রিত হইয়াছে।

৬। "দ্বিজ রামচন্দ্র-রচিত হরপার্ব্বতী-মঙ্গল" প্রবন্ধে লেখক শ্রীযুক্ত দুর্গাদাস রায় মহাশয় উক্ত "হরপার্ব্বতী-মঙ্গল" মহাকাব্যের একটি সংক্ষিপ্ত পরিচয় প্রদান করিয়াছেন। এই মহাকাব্যখানি অনেক দিন পূর্ব্বে ছাপা হইয়াছিল। শিবের পূজা, সোমবার ব্রত, প্রদোষে শিবারাধনা, শিবচতুর্দ্দশী ব্রত, পুষ্কর ও অন্যান্য তীর্থমাহাত্ম্য উপলক্ষ্যে শিবের মহিমা-কীর্ত্তন ব্যপদেশে নানাবিধ মনোহর উপাখ্যান এই পুস্তকে বর্ণিত আছে। বইখানি এখন আর পাওয়া যায় না। সেই জন্য লেখকের নিকট ইহার যে সামান্য অংশ আছে, তাহা প্রকাশ করিয়া, তিনি এ বিষয়ে সাধারণের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন।

৭। "মহাকবি সঞ্জয়"।—লেখক শ্রীযুক্ত জগন্নাথ দেব বি এ। সঞ্জয়, মহাভারতের একজন প্রাচীন কবি। ইঁহার রচিত মহাভারত অদ্যাপি মুদ্রিত হয় নাই। বর্ত্তমান প্রবন্ধে লেখক, তাঁহার পরিচয়, নিবাস, বর্ণনা ও কবিত্ব-শক্তি সম্বন্ধে বিস্তৃত আলোচনা করিয়া, অপরাপর মহাভারতকারের সহিত তাঁহাকে তুলিত করিয়াছেন। পরিশেষে কবির নিবাস সম্বন্ধে লেখক বলেন,—সঞ্জয়ের মহাভারতে মুসলমান অথবা বৈষ্ণব-প্রভাবের বিশেষ কোনও আধিপত্য দেখা যায় না। ইহা হইতে বোধ হয়, কবি, চৈতন্যদেব অথবা অদ্বৈতাচার্য্যের আবির্ভাবের পূর্ব্বে মুসলমান অধিকারকালে কোন হিন্দুরাজ্যের শান্ত-স্নিগ্ধ ছায়াতলে ভারত-কথা রচনা করিয়াছেন। লাউড়রাজ্য বহুকাল এইরূপ স্বাধীনতা ভোগ করিয়াছে। সুতরাং কবির জন্মভূমি বলিয়া লাউড়ের দাবী অগ্রগণ্য।

৮। "চাঁদ সদাগর ও রাজা গোপীচন্দ্র" নামক প্রবন্ধে শ্রীযুক্ত শিবচন্দ্র শীল মহাশয় বলেন,—চাঁদ সদাগরের আদি বাস বীরদেশস্থিত (বীরভূম জেলা) অযোধ্যা। এই সম্বন্ধে তিনি বিবিধ প্রমাণ-প্রয়োগ উদ্ধৃত করিয়া, চাঁদ-সদাগরের নাম, জাতি, তাঁহার স্ত্রী, পুত্র ও পুত্রবধূর বিবরণ ও পরিচয় প্রভৃতি প্রদান করিয়াছেন। লেখক বলেন যে, চাঁদ সদাগর রাজা গোপীচন্দ্রের শ্বশুর এবং ময়নামতীর বৈহাই ছিলেন। বঙ্গের বিভিন্ন স্থানে চাঁদ সদাগরের চৌদ্দটি বাণিজ্য-কেন্দ্র ছিল এবং যেখানে যেখানে তাঁহার এইরূপ বাণিজ্যকেন্দ্র ছিল, সেই স্থানের লোকেরা তাঁহাকে তথাকার অধিবাসী বলিয়া মনে করিয়া থাকে। চাঁদ অযোধ্যা হইতে গৌড় নগরে বাণিজ্য করিতে যান এবং তৎপরে গৌড়েশ্বরের সামন্ত রাজা হইয়া সাভার নামক প্রদেশে (ঢাকা জেলা) গমনপূর্ব্বক তথায় রাজত্ব করেন।

তিনি বারভূঞার এক ভূঞা হইয়াছিলেন এবং আপনাকে "চৌদ্দ রাজ্যের ঠাকুর" বলিয়া উল্লেখ করিতেন,—চৌদ্দ রাজ্য হইতেছে তাঁহার উপরোক্ত চৌদ্দটি বাণিজ্য-কেন্দ্র। বাঙ্গালীর যে যে স্থানে অদ্যাপি চাঁদ সদাগর ও তাঁহার স্ত্রী-পুত্রাদির স্মৃতি-বিজড়িত কীর্ত্তি-কাহিনী প্রচলিত রহিয়াছে, অতঃপর লেখক সেই সকল স্থান ও জনশ্রুতির উল্লেখ করিয়া, বৌদ্ধ-যুগের গৌড়নগরের অবস্থা বর্ণনপূর্ব্বক প্রবন্ধের উপসংহার করিয়াছেন।

৯। "প্রাচীন বঙ্গ-সাহিত্য হইতে বাঙ্গালীর দৈনন্দিন জীবন ও সামাজিক আচার-ব্যবহারের পরিচয়" নামক প্রবন্ধে লেখক শ্রীযুক্ত প্রভাসচন্দ্র সেন বি এল্ মহাশয়, বৌদ্ধগান ও দোহা, চর্য্যাচর্য্যবিনিশ্চয়, সরোজবজ্রের দোঁহাকোষ, ডাকের বচন, শূন্যপুরাণ, মাণিকচাঁদের গীত, গোবিন্দচন্দ্রের গীত, শ্রীকৃষ্ণ-কীর্ত্তন, চণ্ডীদাস, পদ্মাপুরাণ, কীর্ত্তিবাসী রামায়ণ, চৈতন্য-ভাগবত, চৈতন্য-চরিতামৃত, কবিকঙ্কণ চণ্ডী, বিদ্যাসুন্দর প্রভৃতি প্রাচীন গ্রন্থ হইতে তদানীন্তন সামাজিক আচার-ব্যবহার, রীতি-নীতি, ধর্ম্মকর্ম্ম, সমাজ-সংস্থান, বর্ণ-সংস্থান, বেশ-ভূষা, খাদ্যসামগ্রী, ক্রীড়া-কৌতুক, অলঙ্কার, পরিচ্ছদ, আমোদ-উৎসব, শিক্ষা প্রভৃতি ইতিহাস-সম্বন্ধীয় বহু জ্ঞাতব্য বিষয়ের সকলন করিয়াছেন। খৃষ্টীয় অষ্টম হইতে দ্বাদশ শতাব্দীর মধ্যে বিরচিত বৌদ্ধ গান ও দোঁহা হইতে আরম্ভ করিয়া ভারতচন্দ্রের অন্নদামঙ্গল পর্য্যন্ত গ্রন্থে বাঙ্গালীর দৈনন্দিন জীবন ও আচার-ব্যবহার সম্বন্ধে যে সকল পরিচয় পাওয়া যায়, আলোচ্য প্রবন্ধে লেখক তাহার বিশদ আলোচনা করিয়াছেন। প্রবন্ধটি ব্যোমকেশ মুস্তফী সুবর্ণ-পদকের জন্য লিখিত ও সুবর্ণপদকপ্রাপ্ত।

১। "বাঙ্গালার পুরাণ অক্ষর" নামক প্রবন্ধের লেখক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী সি আই ই, এম্ এ। প্রথমে তিনি হায়রোগ্লিফিক, চিত্রলিপি ও কিউনিফর্ম্ম্ লিপি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করিয়া, ফিনিসিয়া দেশের লোকেরা প্রথমে কিরূপ অক্ষরের সৃষ্টি করে, এবং সেই অক্ষর হইতে পারসী, আরবী, গ্রীক্, রোমান প্রভৃতি ও ভারতীয় প্রাচীন ব্রাহ্মী লিপির কিরূপে উদ্ভব হয়, চিত্র সহযোগে এই প্রবন্ধে তিনি তাহার ব্যাখ্যা করিয়াছেন। ব্রাহ্মী লিপিই ভারতবর্ষের অতি প্রাচীন লিপি। বিউলার সাহেবের মতে ভারতবাসীরা, ফিনিসিয়াবাসীদের নিকট হইতে বাণিজ্য-ব্যপদেশে এই লিপি শিক্ষা করেন। মোয়াবাইট, ফিনিসিয়ান ও ব্রাহ্মী, একখানি চিত্রে এই তিনটি লিপির সাদৃশ্য দেখাইয়া, শ্রীযুক্ত শাস্ত্রী মহাশয়ও এই মত সঙ্গত বলিয়া গ্রহণ করিয়াছেন। তৎপরে ব্রাহ্মী অক্ষর, কুষাণ, গুপ্ত প্রভৃতি অক্ষরের মধ্য দিয়া কিরূপে প্রাচীন বঙ্গাক্ষরে পরিণত হইয়াছে, ২য় চিত্র-সহযোগে প্রবন্ধে তাহার ব্যাখ্যা করিয়াছেন। অতঃপর বাঙ্গালা অক্ষরে লিখিত যে সকল প্রাচীন পুথি ও শিলাপত্র পাওয়া গিয়াছে, ৩ হইতে ৩২ চিত্র-সহযোগে তাহাদের অক্ষরের গঠন ও আকার বিশ্লেষণ করিয়া প্রবন্ধ-লেখক বলেন যে, এক দেশের একই সময়ের পুথির অক্ষর একরূপ, শিলাপত্রের অক্ষর আর একরূপ। এইরূপ ১১শ ও ১২শ শতক চলিয়াছে। পুথিগুলি বৌদ্ধদের, শিলাপত্রগুলি ব্রাহ্মণদের। হিন্দুদের ঐ সময়ের পুথি পাওয়া যায় নাই। সুতরাং যত দূর পাওয়া গিয়াছে, তাহাতে বোধ হয় যে, ব্রাহ্মণেরা পশ্চিম দেশ হইতে আসিয়াছিলেন; তাঁহারা পশ্চিমের

লিপিতত্ত্ব

অক্ষরের পক্ষপাতী ছিলেন। আর দেশের লোক (অর্থাৎ বৌদ্ধেরা) দেশের অক্ষরের পক্ষপাতী ছিলেন। এই দুইএর লড়াইতে দেশের লোকে অর্থাৎ বৌদ্ধেরা জয়লাভ করিল। তেকোণা অক্ষর চলিয়া গেল। ব্রাহ্মণেরাও শেষে সেই অক্ষরেই পুথি লিখিতে আরম্ভ করিলেন।

১। "জিজ্ঞাসার ভাষা" নামক প্রবন্ধের লেখক শ্রীযুক্ত বসন্তকুমার চট্টোপাধ্যায় এম্ এ। প্রশ্ন জিজ্ঞাসার সময়ে আমরা যে ভাষা ব্যবহার করি, তাহার প্রশ্নবাচকত্ব, কোনও লিপি বা ভাষার দ্বারা প্রকাশিত হয় না—উচ্চারণের ভঙ্গীই তাহাকে প্রকাশ করিয়া থাকে। বৈদিক ভাষা হইতে আরম্ভ করিয়া, আধুনিক ভারতীয় ভাষাসকল এবং ইংরাজী, ফরাসী, লাটিন, আরবী, পারসী, সাঁওতালী প্রভৃতি বিবিধ ভাষায় এই উচ্চারণ-ভঙ্গী যে একই প্রকার, লেখক তাহার বিশেষরূপ আলোচনা করিয়াছেন। বৈদিক ও সংস্কৃত ভাষায় জিজ্ঞাসা-বাচক বাক্যে প্রধানতঃ 'কিম্' শব্দ ব্যবহৃত হয়। যেখানে 'কিম্' শব্দ নাই, সেখানে উত, আহো স্বিৎ, উতাহো, ননু প্রভৃতি শব্দ তৎপরিবর্ত্তে ব্যবহৃত হয়। বাঙ্গালায় কি, কেন, কোথায়, কবে, কে, কেমন প্রভৃতি শব্দের ব্যবহার হয়। কিন্তু এই সকল শব্দ থাকিলেও জিজ্ঞাসা-বাচক উচ্চারণের ভঙ্গীর অভাবে ইহারা প্রশ্নবাচক বাক্য গঠন করিতে পারে না। শিরঃকম্পন, হস্তসঞ্চালন প্রভৃতি সঙ্কেত দ্বারা আমরা যেমন মনের ভাব প্রকাশ করি, জিজ্ঞাসা-বাচক উচ্চারণ-প্রণালীও এই প্রকার অতি স্বাভাবিক ও অতি প্রাচীন সাঙ্কেতিক ভাষা। লেখক বলেন,—ইহা এত প্রাচীন যে, ব্যাকরণকারগণ এই উচ্চারণ-প্রণালীতে নিতান্ত অভ্যস্ত বলিয়া, ইহার বৈশিষ্ট্য লক্ষ্য করিতে পারেন নাই। লিপিবিদ্যা ইহার উচ্চারণ লিখিয়া ব্যক্ত করিবার চেষ্টা করে নাই।

ভাষাতত্ত্ব

২। "বাঙ্গালার প্রাচীন রূপ"—লেখক শ্রীযুক্ত রাখালরাজ রায় এম্ এ। বঙ্গভাষার জননী সংস্কৃত ভাষা নহে—প্রাকৃত ভাষা। সেই প্রাকৃত ভাষাও আবার বহুবিধ; তন্মধ্যে মাগধ প্রাকৃত হইতেই বঙ্গভাষার উৎপত্তি হইয়াছে, এই মত ব্যক্ত করিয়া, বর্ত্তমান প্রবন্ধের লেখক মহাশয় তাহার অনুকূলে অতীতে 'ল' ও ভবিষ্যতে 'ব' এই দুইটি ক্রিয়ার মূল নির্ণয়ের চেষ্টা করিয়াছেন। কেহ কেহ বলেন যে, সংস্কৃত 'ক্ত'-প্রত্যয়ের বিকারে শৌরসেনী 'দ' ও মাগধী 'ড' এবং তাহা হইতেই বাঙ্গালার অতীত কালের 'ল' উৎপন্ন হইয়াছে। এই মতের বিরুদ্ধে অনেক প্রমাণ উদ্ধৃত করিয়া লেখক দেখাইয়াছেন যে, 'কৃত' শব্দের বিকারেই অতীতের চিহ্ন 'ল'-কারের উদ্ভব হইয়াছে। ভবিষ্যতের 'ব' সম্বন্ধে তিনি বলেন যে, সংস্কৃত 'তব্য' হইতে প্রাকৃত 'অব্ব', পরে 'অব' এবং ইহা হইতেই ভবিষ্যৎ-কালসূচক 'ব' উৎপন্ন হইয়াছে। পরিশেষে বাঙ্গালার বাচ্য সম্বন্ধে কিছু আলোচনা করিয়া লেখক প্রবন্ধের উপসংহার করিয়াছেন।

৩। "শব্দার্থ-বিজ্ঞানের ইতিহাস"—লেখক শ্রীযুক্ত হেমন্তকুমার সরকার এম্ এ। ভাষাতত্ত্ববিৎ পণ্ডিতগণ এ পর্য্যন্ত ভাষায় ধ্বনি পরিবর্ত্তনের নিয়ম, শব্দবিন্যাস এবং স্বর-নির্দ্দেশ প্রভৃতি বিষয় লইয়াই ব্যস্ত আছেন। কিন্তু ভাষার যেটি প্রাণ, সেই শব্দার্থ-বিজ্ঞানের

দিকে তাঁহারা এখনও তেমন দৃষ্টিপাত করেন নাই। ভারতীয় ও ইউরোপীয় পণ্ডিতগণের মধ্যে এই শব্দার্থ-বিজ্ঞান সম্বন্ধে কে কোথায় কি ভাবে কিরূপ আলোচনা করিয়াছেন, বর্ত্তমান প্রবন্ধের লেখক তাহারই একটি সংক্ষিপ্ত পরিচয় দিয়াছেন। ইহাতে তিনি দেখাইয়াছেন যে, বৈয়াকরণ পাণিনি ও নিরুক্তকার যাস্ক আমাদের দেশে অতি প্রাচীন কালেও এই শব্দার্থ-বিজ্ঞান সম্বন্ধে অনেক আলোচনা করিয়া গিয়াছেন।

৪। "বৈষ্ণব পদাবলী" প্রবন্ধে শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ মহাশয় বলেন যে, বঙ্গের পদাবলী-সাহিত্য প্রায় অষ্ট শতাব্দী ধরিয়া গঠিত হইয়াছিল। ইহা বাঙ্গালার একান্ত নিজস্ব সম্পত্তি। অনেকে এই সাহিত্যের উদ্ধার করিয়াছেন, কিন্তু এখনও অনেক পদ সংগৃহীত হইতে বাকী আছে। শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় প্রাচীন বৌদ্ধগান ও দোঁহাকে পদাবলী সংজ্ঞা দিয়াছেন। কিন্তু বৈষ্ণব পদাবলী ও বৌদ্ধ দোঁহাবলীর মধ্যে ভাব ও ভাষাগত পার্থক্য এত অধিক যে, উভয়কে এক পর্য্যায়ভুক্ত করা সমীচীন বোধ হয় না। ইহার মূলতত্ত্ব—শ্রীরাধাকৃষ্ণের উপাসনা—বৌদ্ধ সহজিয়াদিগের নিকট হইতে আমদানী হয় নাই। সহজিয়াদিগের ভজনপ্রণালী বৈষ্ণব-ভজনপ্রণালী হইতে সম্পূর্ণ বিভিন্ন। বৈষ্ণবদিগের পরকীয়াতত্ত্ব কোন্ সময় হইতে আসিল, বলা কঠিন। খাঁটি বৈষ্ণব সাধনপ্রণালীতে ইন্দ্রিয়পরতন্ত্রতার গন্ধ দেখিতে পাওয়া যায় না। পরবর্ত্তী বৈষ্ণবগণ এই কঠোর আদর্শ ঠিক রাখিতে না পারিলেও, তাঁহাদের ধর্ম্মতত্ত্বে কোনওরূপ উচ্ছৃঙ্খলতা স্থান পায় নাই। সহজিয়ারা বাহিরে বৈষ্ণবের মত ব্যবহার করিলেও, ইন্দ্রিয়-পরতন্ত্রতার দ্বারা আপনাদিগের সাধনপ্রণালী ও ধর্ম্মমত কলুষিত করিয়াছেন। পদাবলী-সাহিত্যে বৈষ্ণবদিগের এক অদ্ভুত ধর্ম্মমত স্থান লাভ করিয়াছে। ঈশ্বরকে ঈশ্বররূপে ভজনা না করিয়া, সখা, পুত্র বা পতিরূপে উপাসনা করিবার কল্পনা জগতের অন্য কোন ধর্ম্মতত্ত্বে দেখা যায় না। এই জন্যই শ্রীচৈতন্যদেবের ধর্ম্মকে প্রেমধর্ম্ম বলে। প্লেটো 'প্রেম' সম্বন্ধে যাহা লিখিয়াছেন, তাহার সহিত বৈষ্ণব প্রেমধর্ম্মের মিল আছে।

আলোচ্য বর্ষে অন্যান্য বৎসরের ন্যায় গবর্মেণ্টের নিকট হইতে ১২০০৲ টাকা এবং লালগোলা স্থায়ী তহবিল হইতে ৪৫৫৲ টাকা সুদ পাওয়া গিয়াছে।

গ্রন্থপ্রকাশ

বর্ত্তমান বৎসরে এই বিভাগে নিম্নলিখিত দুইখানি বই প্রকাশিত হইয়াছে।

১। **মনোবিজ্ঞান**—শ্রীযুক্ত নলিনাক্ষ ভট্টাচার্য্য মহাশয় কর্ত্তৃক বিরচিত।

২। **সর্ব্বসংবাদিনী**—পণ্ডিত শ্রীযুক্ত রসিকমোহন চক্রবর্ত্তী বিদ্যাভূষণ মহাশয় কর্ত্তৃক অনূদিত ও সম্পাদিত।

নিম্নলিখিত গ্রন্থগুলির মুদ্রণকার্য্য চলিতেছে,—

১। **শ্রীশ্রীপদকল্পতরু (৩য় খণ্ড)**—শ্রীযুক্ত সতীশচন্দ্র রায় এম্ এ মহাশয় কর্ত্তৃক সম্পাদিত।

২। **ন্যায়দর্শন** (২য় খণ্ড)—পণ্ডিত শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ মহাশয় কর্ত্তৃক অনূদিত, ব্যাখ্যাত এবং সম্পাদিত।

৩। **উদ্ভিদ-জ্ঞান** (১ম খণ্ড)—বঙ্গবাসী কলেজের অধ্যক্ষ শ্রীযুক্ত গিরিশচন্দ্র বসু এম্ এ মহাশয় কর্ত্তৃক রচিত।

৪। **উদ্ভিদ-জ্ঞান** (২য় খণ্ড)—বঙ্গবাসী কলেজের অধ্যক্ষ শ্রীযুক্ত গিরিশচন্দ্র বসু এম্ এ মহাশয় কর্ত্তৃক রচিত।

৫। **লেখমালানুক্রমণী**—প্রথম ভাগ, (প্রথম খণ্ড) শীঘ্রই প্রকাশিত হইবে, ইহা শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় এম্ এ মহাশয় সম্পাদন করিয়াছেন।

ছাপাখানা-সমিতি

সহকারী সম্পাদক শ্রীযুক্ত হিরণকুমার রায় চৌধুরী বি এ মহাশয় আলোচ্য বর্ষে ছাপাখানা-সমিতির সম্পাদক-পদে নিযুক্ত ছিলেন। এই বর্ষে ছাপাখানা-সমিতির মোট ১০টি অধিবেশন হইয়াছিল। তন্মধ্যে উপযুক্তসংখ্যক সভ্যের অনুপস্থিতির জন্য ছুইটি অধিবেশন স্থগিত এবং কার্য্যবাহুল্যবশতঃ একটি সভার অধিবেশন ছুই দিন ব্যাপিয়া হইয়াছিল।

ছাপাখানা-সমিতির তত্ত্বাবধানে মুদ্রণ-বিভাগের কার্য্য এ বৎসর সন্তোষজনক হইয়াছে। চারি সংখ্যা পরিষৎ-পত্রিকা, পরিষৎ-পঞ্জিকা, অধিবেশনের কার্য্যবিবরণ এবং ছুইখানি গ্রন্থ যথাসময়ে প্রকাশিত হইয়াছে। ইহা ছাড়া ছাপাখানার বিল পাশ, মুদ্রিত গ্রন্থের মূল্য নিরূপণ, ছাপাখানার ব্যবস্থা ও দরনির্ণয় এবং বিজ্ঞাপনের দরনির্ণয় প্রভৃতি অনেক বিষয় সমিতির অধিবেশনে আলোচিত হইয়াছিল। এই সকল কার্য্য নির্ব্বাহ করিবার জন্য সমিতির সভ্যগণ এবং সম্পাদক শ্রীযুক্ত হিরণকুমার রায় চৌধুরী মহাশয় বিশেষ ধন্যবাদার্হ। ছাপাখানা-সমিতির সভ্যগণের নাম পরিশিষ্টে মুদ্রিত হইল।

শাখা-পরিষৎ

আলোচ্য বর্ষে কটকে নূতন শাখা-পরিষৎ প্রতিষ্ঠিত হইয়াছে। শ্রীহট্টে একটি নূতন শাখা প্রতিষ্ঠার সূচনা হইয়াছে। অন্যান্য শাখাগুলির সংক্ষিপ্ত কার্য্য-বিবরণ পরিশিষ্টে প্রকাশিত হইল। ছুই একটি ব্যতীত সকল শাখাতেই উদ্যম ও কার্য্য-তৎপরতার অভাব পরিলক্ষিত হইতেছে, ইহা বড়ই পরিতাপের বিষয়। বঙ্গদেশে ভাষাতত্ত্ব, ইতিহাস, সমাজতত্ত্ব, জাতিতত্ত্ব প্রভৃতির আলোচনার ক্ষেত্র সর্ব্বত্রই রহিয়াছে। শাখা-পরিষৎগুলি এই সকল অতি প্রয়োজনীয় বিষয়ে ধারাবাহিক আলোচনা-গবেষণা প্রভৃতির দ্বারা বঙ্গভাষার সমধিক সম্পদ্ বৃদ্ধি করিতে প্রয়াস পাইলে প্রকৃত কার্য্যকুশলতার পরিচয় দেওয়া হইবে। ভরসা করি, শাখা-সভার কর্ত্তৃপক্ষ এই বিষয়ে একটু দৃষ্টি নিক্ষেপ করিবেন।

আলোচ্য বর্ষে কোন স্থান হইতেই সম্মিলন আহূত হয় নাই। এ বৎসর যাহাতে

অধিবেশন করিতে পারা যায়, তৎসম্বন্ধে পরিষৎ হইতে পত্র-ব্যবহার চলিতেছে। সম্মিলন রেজিষ্টারী করিবার জন্ত গঠিত শাখা-সমিতি জানাইয়াছেন যে, সম্মিলন রেজিষ্টারী করিবার পক্ষে কোন কার্য্যই অগ্রসর হয় নাই। অভ্যর্থনা-সমিতির সম্পাদক শ্রীযুক্ত দুর্গাদাস লাহিড়ী মহাশয় গত দ্বাদশ অধিবেশনের সম্পূর্ণ কার্য্য-বিবরণ প্রকাশের ব্যবস্থা করিয়াছেন। আলোচ্য বর্ষে সম্মিলন-পরিচালন-সমিতির চারিটি অধিবেশন হইয়াছিল।

বঙ্গীয়-সাহিত্য-সম্মিলন

২৭শ বার্ষিক অধিবেশনে নিম্নলিখিত পদক ও পুরস্কার দেওয়া হইবে, এইরূপ বিজ্ঞাপিত হইয়াছিল,—

পদক ও পুরস্কার

পদক	প্রবন্ধের বিষয়

১। হরেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী সুবর্ণ-পদক—বঙ্গীয় নাট্য-সাহিত্যে দ্বিজেন্দ্রলালের স্থান।

২। ঠাকুরদাস দত্ত সুবর্ণ-পদক—বঙ্গের পাঁচালী ও সমসাময়িক কাব্য ও নাট্য-সাহিত্যে কবি ঠাকুরদাস দত্তের প্রভাব।

৩। ব্যোমকেশ মুস্তফী সুবর্ণ-পদক—(ক) বৈষ্ণব-সাহিত্যে সামাজিক ইতিহাসের উপকরণ (১৮শ শতাব্দী পর্য্যন্ত)।

৪। ব্যোমকেশ মুস্তফী সুবর্ণ-পদক—(খ) ২৪ পরগণা ও কলিকাতার জলযান ও তৎসংক্রান্ত প্রচলিত শব্দ ও তাহার সুনির্দ্দিষ্ট অর্থ ও প্রয়োগ।

৫। হেমচন্দ্র সুবর্ণ-পদক—মেঘনাদবধ কাব্যের রাবণ ও বৃত্রসংহার কাব্যের বৃত্রাসুরের তুলনায় সমালোচনা।

৬। শশিপদ রৌপ্য-পদক—বঙ্গদেশে সামাজিক সংস্কারের প্রয়োজন।

৭। রামগোপাল রৌপ্য-পদক—কবি অক্ষয়কুমার বড়াল মহাশয়ের "এষা" কাব্য সমালোচনা।

৮। অক্ষয়কুমার বড়াল রৌপ্য-পদক—(ক)—বাঙ্গালার গীতি-কাব্যে কবি অক্ষয়কুমার বড়ালের স্থান।

৯। অক্ষয়কুমার বড়াল রৌপ্য-পদক—(খ)—অক্ষয়কুমার বড়ালের কাব্যে নারী-চিত্র।

১০। নবীনচন্দ্র সেন রৌপ্য-পদক—নবীনচন্দ্রের কাব্যে 'শৈলজা'-চরিত্র।

১১। আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী স্মৃতি-পুরস্কার (১০০্)—শতপথ, গোপথ, ঐতরেয় ও তাণ্ড্য ব্রাহ্মণের আখ্যান ও উপাখ্যানসমূহের বিবরণ ও তৎসম্বন্ধে আলোচনা।

১২। শিশিরকুমার ঘোষ পুরস্কার (২৫্)—নরোত্তম ঠাকুরের জীবনী।

আলোচ্য বর্ষে ১ম বিষয়ে ২টি, ২য় বিষয়ে ২টি, ৫ম বিষয়ে ৩টি, ষষ্ঠ বিষয়ে ৬টি, দশম বিষয়ে ৫টি, ১১শ বিষয়ে ১টি ও ১২শ বিষয়ে ৪টি—মোট ২৩টি প্রবন্ধ পাওয়া গিয়াছে। ৩য়, ৪র্থ, ৭ম, ৮ম ও ৯ম বিষয়ে কোনও প্রবন্ধ পাওয়া যায় নাই।

কার্য্য-নির্ব্বাহক-সমিতি কর্ত্তৃক উক্ত প্রবন্ধ পরীক্ষার জন্য নিম্নোক্ত সদস্যগণ পরীক্ষক নির্ব্বাচিত হইয়াছিলেন। পরীক্ষার ফল ও কোন্ ব্যক্তি পদক বা পুরস্কার পাইয়াছেন, তাহা নিম্নে লিখিত হইল,—

১ম বিষয়—পরীক্ষক শ্রীযুক্ত মন্মথমোহন বসু এম্ এ। কোন প্রবন্ধই পুরস্কারযোগ্য বিবেচিত হয় নাই।

২য় বিষয়—পরীক্ষক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী ও শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত। এই বিষয়ে মাত্র দুইটি প্রবন্ধ পাওয়া গিয়াছিল। তন্মধ্যে শ্রীযুক্ত পুরাণদাস সাংখ্যতীর্থ মহাশয়ের প্রবন্ধ পুরস্কারযোগ্য বিবেচিত হইয়াছে।

৫ম বিষয়—পরীক্ষক শ্রীযুক্ত জ্ঞানরঞ্জন বন্দ্যোপাধ্যায় এম্ এ, বি এল্। এই বিষয়ে মাত্র তিনটি প্রবন্ধ পাওয়া গিয়াছিল। তন্মধ্যে শ্রীযুক্ত নরেন্দ্রনাথ ধর মহাশয়ের প্রবন্ধ পুরস্কারযোগ্য বিবেচিত হইয়াছে।

৬ষ্ঠ বিষয়—পরীক্ষক শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্ এ, বি এল্। কোন প্রবন্ধই পুরস্কারযোগ্য বিবেচিত হয় নাই।

১০ম বিষয়—পরীক্ষক শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্ এ, বি এল্। এই বিষয়ে পাঁচটি প্রবন্ধ পাওয়া গিয়াছিল। তন্মধ্যে শ্রীমতী উষাময়ী সেনগুপ্তা মহাশয়ার প্রবন্ধ পুরস্কারযোগ্য বিবেচিত হইয়াছে।

১১শ বিষয়—পরীক্ষক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী। এই বিষয়ের প্রবন্ধ পুরস্কারযোগ্য বিবেচিত হয় নাই।

১২শ বিষয়—পরীক্ষক শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ। এই বিষয়ে মাত্র চারিটি প্রবন্ধ পাওয়া গিয়াছিল। তন্মধ্যে শ্রীযুক্ত কালীনারায়ণ ভক্তিবিনোদ মহাশয়ের প্রবন্ধ পুরস্কার-যোগ্য বিবেচিত হইয়াছে।

১ম পদকদাতা শ্রীযুক্ত অমরেন্দ্রনারায়ণ আচার্য্য চৌধুরী; ২য় পদকদাতা শ্রীযুক্ত কিরণচন্দ্র দত্ত, ৩য়, ৪র্থ ও ১০ম পদকদাতা শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, ৬ষ্ঠ পদক-দাতা শ্রীযুক্ত শশিপদ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের পক্ষে দেবালয়-সম্পাদক, ৭ম ও ৯ম পদকদাতা শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত, ৮ম পদকদাতা বহুবাজার ফ্রেণ্ডস্ ইউনিয়নের পক্ষে শ্রীযুক্ত শ্যামলাল শীল ও ১২শ পুরস্কারদাতা শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী মহাশয়গণের নিকট পরিষদের কৃতজ্ঞতা জ্ঞাপন করা যাইতেছে। ৫ম ও ১১শ বিষয়ের পদক ও পুরস্কার হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় স্মৃতি-তহবিল ও আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী স্মৃতি-তহবিল হইতে দেওয়া হইবে।

আলোচ্য বর্ষে শ্রীযুক্ত আশুতোষ বড়াল মহাশয় সুরেশচন্দ্র সমাজপতি মহাশয়ের স্মৃতি-রক্ষার উদ্দেশ্যে 'বাঙ্গালা-সাহিত্যে সুরেশচন্দ্র' বিষয়ে প্রবন্ধ রচনার জন্য একটি রৌপ্য-পদক দানের প্রস্তাব করিয়াছেন। শ্রীযুক্ত মনোমোহন পাঁড়ে মহাশয় তাঁহার সঙ্কল্পিত 'বীরেশ্বর পাঁড়ে পুরস্কারে'র ১০০৲ ও শ্রীযুক্ত আশুতোষ মহলানবীশ ও শ্রীযুক্ত সুরেন্দ্রচন্দ্র বসু মহাশয় তাঁহাদের প্রস্তাবিত পদক বা তাহার মূল্য পাঠাইয়া দেন নাই।

পুরস্কার-প্রবন্ধগুলির পরীক্ষা করার জন্য পরীক্ষক মহাশয়গণকে ধন্যবাদ জ্ঞাপন করা যাইতেছে।

সাহিত্য-পরিষৎ পরলোকগত অনেক সাহিত্য-সেবীর স্মৃতিরক্ষার ভার গ্রহণ করিয়াছেন এবং সাধ্যানুসারে এই সকল সংকল্প কার্য্যে পরিণত করিবার চেষ্টা করিতেছেন। আলোচ্য বর্ষে এই সম্বন্ধে কার্য্য যত দূর অগ্রসর হইয়াছে, তাহার পরিচয় নিম্নে দেওয়া হইল।

স্মৃতি-রক্ষণ

১। **আচার্য্য রামেন্দ্রসুন্দর স্মৃতি**—পরিষদের ভূতপূর্ব্ব সভাপতি ও পরিষদ্‌গতপ্রাণ আচার্য্য ত্রিবেদী মহাশয়ের একখানি তৈলচিত্র আলোচ্য বর্ষে পরিষৎ মন্দিরে প্রতিষ্ঠিত হইয়াছে। এই চিত্রখানি পরিষদের অন্যতম হিতৈষী সদস্য শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় উপহার দিয়াছেন। বৈদিক অনুসন্ধান-মূলক প্রবন্ধের জন্য এক শত টাকার একটি পুরস্কার ঘোষিত হইয়াছে। ইহা ছাড়া তাঁহার স্মৃতিরক্ষা-বিষয়ক আরও কতিপয় প্রস্তাবের মধ্যে একটি অর্দ্ধ প্রস্তরমূর্ত্তি (Bust) নির্ম্মাণের ও পরিষৎ মন্দিরে একখানি প্রস্তরফলক প্রতিষ্ঠার সংকল্প আছে। শ্রীযুক্ত মনোমোহন গঙ্গোপাধ্যায় মহাশয় প্রস্তর-ফলকের একটি নক্‌সা অঙ্কিত করিয়া দিয়াছেন এবং তাহা নির্ম্মাণ করিবার জন্য একজন স্থপতির উপর ভারও দেওয়া হইয়াছে। প্রয়োজনীয় অর্থ সংগৃহীত হইলেই মূর্ত্তি নির্ম্মাণের ব্যবস্থা করা হইবে। এতদ্ব্যতীত স্মৃতি-সমিতি স্থির করিয়াছেন যে, সংগৃহীত অর্থ দ্বারা রামেন্দ্র বাবুর একখানি বিস্তৃত জীবন-চরিত ও তাঁহার লিখিত পুস্তকাদির আলোচনা-গ্রন্থ প্রকাশ করিতে হইবে। শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের উপর এই জীবনচরিত সম্পাদনের ভার দেওয়া হইয়াছে। পাঁচ বৎসরের জন্য বৈদিক অনুসন্ধান-মূলক পুরস্কার-প্রবন্ধ লিখাইবার নিমিত্ত লালগোলার রাজা বাহাদুরের নিকট হইতে পাঁচ শত টাকা পাওয়া গিয়াছে। সাধারণের নিকট হইতে স্মৃতি-সমিতির কার্য্যের সাহায্যের জন্য আজ পর্য্যন্ত ১৬১৬৷৹ টাকা পাওয়া গিয়াছে।

২। **অক্ষয়কুমার বড়াল-স্মৃতি**—"এষা" প্রভৃতি কাব্য-প্রণেতা স্বর্গীয় কবি অক্ষয়কুমার বড়াল মহাশয়ের একখানি তৈলচিত্র, চিত্রশিল্পী শ্রীযুক্ত ভবানীচরণ লাহা মহাশয় স্বতঃপ্রণোদিত হইয়া প্রস্তুত করিয়া দিয়াছেন এবং আলোচ্য বর্ষের ২০এ আষাঢ় তারিখের বিশেষ অধিবেশনে এই চিত্র প্রতিষ্ঠিত হইয়াছে। এই ভাণ্ডারে বর্ত্তমান বর্ষে সুবর্ণবণিক্-সমাজ কর্ত্তৃক প্রদত্ত ২০০৲ টাকার কোম্পানীর কাগজ কবির স্মৃতিরক্ষার্থ দান পাওয়া গিয়াছে এবং শ্রীযুক্ত শ্যামলাল শীল ও শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় এই উদ্দেশ্যে দুইটি রৌপ্যপদক দান করিয়াছেন।

৩। **স্যর গুরুদাস বন্দ্যোপাধ্যায়-স্মৃতি**—আলোচ্য বর্ষের ৩রা আশ্বিন তারিখের বিশেষ অধিবেশনে স্বর্গীয় মহাত্মার তৈলচিত্র পরিষৎ মন্দিরে প্রতিষ্ঠিত হইয়াছে। এই ভাণ্ডারে যে অবশিষ্ট টাকা উদ্বৃত্ত রহিয়াছে, তাহা তাঁহার স্মৃতি-বিজড়িত কোনও সাহিত্যিক কার্য্যে ব্যয় করিবার ব্যবস্থা হইবে।

৪। **মহামহোপাধ্যায় ডাঃ সতীশচন্দ্র বিদ্যাভূষণ**—বর্ত্তমান বর্ষের ২৩এ শ্রাবণ তারিখে ডাঃ বিদ্যাভূষণ মহাশয়ের পরলোকগমনে শোকপ্রকাশার্থ এক বিশেষ অধিবেশন আহূত হয় এবং এই অধিবেশনে তাঁহার একখানি চিত্র পরিষৎ মন্দিরে রাখিবার প্রস্তাব গৃহীত হয়। তদনুসারে গুরুদাস চট্টোপাধ্যায় স্মৃতি-ভাণ্ডারের অর্থ হইতে ইঁহার একখানি ব্রোমাইড চিত্র প্রস্তুত হইয়াছে এবং আজ এই অধিবেশনে তাহা প্রতিষ্ঠিত হইবে।

৫। **চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়**—গুরুদাস চট্টোপাধ্যায় স্মৃতি-ভাণ্ডারের অর্থ হইতে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের জীবন-চরিত প্রণেতা, সাহিত্যিক ও পরিষদের ভূতপূর্ব্ব সহকারী সম্পাদক চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের একখানি ব্রোমাইড চিত্র প্রস্তুত হইয়াছে। আজকার অধিবেশনে তাহা প্রতিষ্ঠিত হইবে।

৬। **রায় বৈকুণ্ঠনাথ বসু বাহাদুর**—"বসন্তসেনা", "নাট্যবিকার," "পৌরাণিক পঞ্চরং" প্রভৃতি বিবিধ গ্রন্থপ্রণেতা রায় বৈকুণ্ঠনাথ বসু বাহাদুরের একখানি চিত্র, তাঁহার পুত্র শ্রীযুক্ত জানকীনাথ বসু মহাশয় পরিষৎকে উপহার প্রদান করিয়াছেন এবং অদ্য বার্ষিক অধিবেশনে সেই চিত্র প্রতিষ্ঠিত হইবে। এই চিত্র প্রদানের জন্য পরিষদের পক্ষ হইতে শ্রীযুক্ত জানকী বাবুকে ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় এই চিত্র সংগ্রহের জন্য যথেষ্ট সাহায্য করিয়াছেন। পরিষৎ তজ্জন্য তাঁহার নিকট কৃতজ্ঞ।

৭। বর্ত্তমান বর্ষের ১৮ই পৌষ তারিখে **স্বর্গীয় ডাঃ জে, ডি, এণ্ডার্সন** সাহেবের পরলোকগমনে শোকপ্রকাশের জন্য এক বিশেষ অধিবেশন আহূত হয়। এই অধিবেশনে শ্রীযুক্ত রামানন্দ চট্টোপাধ্যায় মহাশয় তাঁহার একখানি চিত্র পরিষৎকে দান করিবার জন্য প্রতিশ্রুতি জ্ঞাপন করেন। তিনি চিত্র প্রস্তুত করিয়া দিয়াছেন এবং আজ তাহা প্রতিষ্ঠিত হইবে। এই চিত্র দান করিয়া শ্রীযুক্ত রামানন্দ বাবু পরিষদের ধন্যবাদ-ভাজন হইয়াছেন।

৮। **মাইকেল মধুসূদন দত্ত-স্মৃতি**—১৮৭৩ খৃঃ কবিবর মাইকেলের মৃত্যু হয়। মৃত্যুর অনেক দিন পরে ৺উমেশচন্দ্র দত্ত, ৺মনোমোহন ঘোষ প্রভৃতি মনস্বিগণ কবিবরের সমাধিক্ষেত্রে স্মৃতিফলক প্রতিষ্ঠা করেন। তদবধি বর্ষে বর্ষে সমাধিস্তম্ভে ও অন্যান্য স্থানে কবিবরের মৃত্যুদিবসে সভা করিয়া কবির প্রতি সম্মান প্রদর্শন করা হইতেছে। এত দিন যাবৎ শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ বসু মহাশয়ই ইহার প্রধান উদ্যোক্তা ছিলেন। আলোচ্য বৎসর হইতে শ্রীযুক্ত যোগীন্দ্রনাথ বসু মহাশয়ের অনুরোধে সাহিত্য-পরিষৎ এই ভার গ্রহণ করিয়াছেন এবং পরিষৎ মন্দিরে সভা আহ্বান করিয়া, এ বিষয়ের বিহিত অনুষ্ঠান করা হইয়াছে।

৯। **আচার্য্য অক্ষয়চন্দ্র সরকার-স্মৃতি**—এই সমিতির অক্লান্ত-কর্ম্মা সম্পাদক শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়ের চেষ্টা ও যত্নে একখানি তৈলচিত্র প্রস্তুত হইয়াছে। আগামী বর্ষে ইহা প্রতিষ্ঠার ব্যবস্থা করা হইবে। এই বিষয়ে শ্রীযুক্ত নলিনী বাবুর আন্তরিকতার জন্য তাঁহাকে ধন্যবাদ জানাইতেছি।

১০। **রমেশচন্দ্র দত্ত**—সুপ্রসিদ্ধ ঐতিহাসিক উপন্যাসলেখক এবং পরিষদের প্রথম সভাপতি স্বর্গীয় রমেশচন্দ্র দত্ত মহাশয়ের একখানি তৈলচিত্র পরিষৎ মন্দিরে রক্ষা করিবার জন্য কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে এক প্রস্তাব গৃহীত হয়। তদনুসারে তাঁহার একখানি তৈলচিত্র সংগ্রহ করিয়া সংস্কার করা হইতেছে। আগামী বর্ষে ইহা প্রতিষ্ঠার ব্যবস্থা হইবে।

১১। **বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-স্মৃতি**—আলোচ্য বর্ষে ইঁহার মর্ম্মরমূর্ত্তি নির্ম্মাণ শেষ হইয়াছে। কিন্তু দুঃখের বিষয়, ভাস্করের সহিত চুক্তিমত তাঁহার প্রাপ্য টাকা শোধ করিয়া দিতে না পারায়, মূর্ত্তি গ্রহণ করিতে পারা যাইতেছে না। বিগত কয়েক বৎসর যাবৎ সম্পাদকের পুনঃ পুনঃ বিনীত প্রার্থনা সত্ত্বেও "বন্দে মাতরম্" মন্ত্রের ঋষির স্মৃতিভাণ্ডারে উপযুক্ত পরিমাণ অর্থ সংগৃহীত হইতেছে না, বাঙ্গালীর পক্ষে ইহা অপেক্ষা অগৌরবের বিষয় আর কি হইতে পারে? এই ভাণ্ডারে এখনও ১৪০০৲ টাকা সংগৃহীত হইলে ভাস্করের প্রাপ্য টাকা পরিশোধ করিয়া মূর্ত্তিগ্রহণ করিতে পারা যাইবে। সম্পাদক আশা করেন যে, অচিরেই সহৃদয় বঙ্গবাসীর বদান্যতায় এই ভাণ্ডার পরিপূর্ণ হইবে।

১২। **গিরিশচন্দ্র ঘোষ**—১৩১৬ সালের ১৬ই ভাদ্র তারিখের কার্য্যনির্ব্বাহক-সমিতির ৪র্থ অধিবেশনে শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয়, শ্রীযুক্ত মনোমোহন পাঁড়ে মহাশয়ের নিকট হইতে স্বর্গীয় গিরিশচন্দ্র ঘোষ মহাশয়ের একখানি তৈলচিত্র সংগ্রহ করিয়া দিতে প্রতিশ্রুত হইয়াছিলেন। চিত্র পাওয়া গেলে আগামী বর্ষে প্রতিষ্ঠার ব্যবস্থা হইবে।

১৩। **সুরেশচন্দ্র সমাজপতি**—আলোচ্য বর্ষের ৯ই মাঘ তারিখে সুপ্রসিদ্ধ "সাহিত্য" পত্রের সম্পাদক পণ্ডিত সুরেশচন্দ্র সমাজপতি মহাশয়ের পরলোকগমনে শোকপ্রকাশার্থ এক বিশেষ সভার অধিবেশন হয়। এই অধিবেশনে চিত্রশিল্পী শ্রীযুক্ত হেমেন্দ্রনাথ মজুমদার মহাশয়, সমাজপতি মহাশয়ের একখানি তৈলচিত্র পরিষৎকে উপহার দিতে প্রতিশ্রুতি জ্ঞাপন করিয়াছেন। তজ্জন্য তাঁহাকে ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। চিত্র পরিষদের হস্তগত হইলেই প্রতিষ্ঠার ব্যবস্থা করা হইবে। এতদ্ব্যতীত শ্রীযুক্ত আশুতোষ বড়াল মহাশয় মৃত মহাত্মার উদ্দেশ্যে এক রৌপ্যপদক দানের প্রস্তাব করিয়াছেন। কমিশনার শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ গুপ্ত মহাশয় তাঁহার স্মৃতি-রক্ষার জন্য ১০০৲ টাকা দান করিয়াছেন। এই জন্য তাঁহারা পরিষদের কৃতজ্ঞতাভাজন।

১৪। **স্যর সৌরীন্দ্রমোহন ঠাকুর**—সঙ্গীতসার, যন্ত্রক্ষেত্রদীপিকা ও মুক্তাবালা প্রভৃতি গ্রন্থের প্রণেতা স্যর সৌরীন্দ্রমোহন ঠাকুর মহাশয়ের একখানি চিত্র, তাঁহার উপযুক্ত পুত্র কুমার নবাব শ্যামাকুমার ঠাকুর মহাশয় পরিষৎকে উপহার দিবেন বলিয়াছিলেন।

কিন্তু তিনি অকালে পরলোক গমন করায় তদীয় ভ্রাতুষ্পুত্র শ্রীযুক্ত অবনীমোহন ঠাকুর মহাশয় উক্ত চিত্র পরিষৎকে উপহার দিয়াছেন।

১৫। **প্রাণনাথ দত্ত**—"বসন্তক"-সম্পাদক স্বর্গীয় প্রাণনাথ দত্ত মহাশয়ের একখানি চিত্র, তদীয় উপযুক্ত পুত্র রায় শ্রীযুক্ত কৃপানাথ দত্ত বাহাদুর পরিষৎকে উপহার দিতে প্রতিশ্রুত হইয়াছেন। চিত্র প্রস্তুতও প্রায় শেষ হইয়াছে। আগামী বর্ষে প্রতিষ্ঠার ব্যবস্থা হইবে।

১৬। **বিহারীলাল চক্রবর্ত্তী**—সুপ্রসিদ্ধ গীতিকবি স্বর্গীয় বিহারীলাল চক্রবর্ত্তী মহাশয়ের সুযোগ্য পুত্র ব্যারিষ্টার শ্রীযুক্ত শরচ্চন্দ্র চক্রবর্ত্তী মহাশয় তাঁহার পিতার একখানি চিত্র পরিষৎকে দান করিবেন, জানাইয়াছেন। চিত্র পরিষদের হস্তগত হইলেই প্রতিষ্ঠা করা হইবে।

১৭। **দ্বিজেন্দ্রলাল রায়**—ইঁহার পুত্র শ্রীযুক্ত দিলীপকুমার রায় সম্প্রতি বিলাতে অবস্থান করিতেছেন। তিনি দেশে প্রত্যাগমন করিলে ইহার ব্যবস্থা হইবে।

১৮। **রায় মনোমোহন চক্রবর্ত্তী বাহাদুর**—প্রসিদ্ধ প্রত্নতত্ত্ববিৎ স্বর্গীয় রায় মনোমোহন চক্রবর্ত্তী বাহাদুরের একখানি চিত্র পরিষৎ মন্দিরে সংস্থাপিত হইবে ১৩২৬ সালের ৫ম মাসিক অধিবেশনে এইরূপ স্থির হইয়াছে। বর্ত্তমান বর্ষে এই তহবিলে মিঃ জে সি সিংহ ৩০৲ টাকা এবং শ্রীযুক্ত বিহারীলাল মল্লিক মহাশয় ২০৲ টাকা দান করিয়াছেন। তজ্জন্য ইঁহারা পরিষদের বিশেষ ধন্যবাদভাজন। আর কিছু টাকা সংগৃহীত হইলেই একখানি চিত্র প্রস্তুত করা হইবে।

১৯। **শিবনাথ শাস্ত্রী**—১৩২৬ বঙ্গাব্দের ৬ই অগ্রহায়ণ তারিখের বিশেষ অধিবেশনে স্বর্গীয় শাস্ত্রী মহাশয়ের একখানি চিত্রপ্রতিষ্ঠার প্রস্তাব গৃহীত হইয়াছে। তদনুসারে শ্রীযুক্ত সুকুমার রায় মহাশয় তাঁহার একখানি চিত্র পরিষৎকে উপহার দিবেন জানাইয়াছেন। চিত্র পাওয়া গেলে এ বিষয়ের বিহিত ব্যবস্থা করা হইবে।

২০। **নবীনচন্দ্র দাস কবিগুণাকর**—রঘুবংশের বিখ্যাত অনুবাদক স্বর্গীয় কবিগুণাকর মহাশয়ের একখানি চিত্র পরিষৎ মন্দিরে প্রতিষ্ঠিত হইবে। ইঁহার আলোকচিত্র সংগ্রহ করা হইয়াছে। আগামী বর্ষে চিত্রস্থাপনের ব্যবস্থা হইবে।

২১। **শৈলেশচন্দ্র মজুমদার**—"চিত্রবিচিত্র" প্রভৃতি গ্রন্থপ্রণেতা এবং পরিষদের কার্য্যনির্ব্বাহক-সমিতির বহু পুরাতন উৎসাহী সদস্য স্বর্গীয় মজুমদার মহাশয়ের একখানি চিত্র সত্বরই পরিষদের হস্তগত হইবে, এরূপ আশা পাওয়া গিয়াছে।

২২। **রায় রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী বাহাদুর**—বিগত ১৩২৬ সালের ৪ঠা কার্ত্তিক তারিখের কার্য্য-নির্ব্বাহক-সমিতির অধিবেশনে পরিষদের ভূতপূর্ব্ব সম্পাদক শাস্ত্রী মহাশয়ের একখানি চিত্র পরিষৎ মন্দিরে রাখিবার সংকল্প গৃহীত হয় এবং রায় শ্রীযুক্ত চুনীলাল বসু বাহাদুর মহোদয় তাঁহার একখানি চিত্র সংগ্রহ করিয়া দিবার ভার গ্রহণ করেন। আশা করি, চুনীবাবুর উদ্যোগে সত্বরই শাস্ত্রী মহাশয়ের চিত্র পরিষৎ মন্দিরের শোভা বর্দ্ধন করিবে।

২৩। **দেবেন্দ্রনাথ সেন**—কবিবর দেবেন্দ্রনাথ সেন মহাশয়ের পরলোক-গমন উপলক্ষে আলোচ্য বর্ষের ১৮ই পৌষ তারিখে এক শোক-সভা আহূত হয় এবং এই অধিবেশনে শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় কবিবরের একখানি চিত্র পরিষৎকে উপহার

দিতে প্রতিশ্রুতি জ্ঞাপন করেন। আশা করি, শ্রীযুক্ত পণ্ডিত মহাশয় সত্বরই তাঁহার একখানি চিত্র উপহার দিয়া পরিষদের কৃতজ্ঞতাভাজন হইবেন।

২৪। হিতবাদীর সম্পাদক **কালীপ্রসন্ন কাব্যবিশারদ,**

২৫। "সংবাদপূর্ণচন্দ্রোদয়ে"র সম্পাদক **অদ্বৈতচরণ আঢ্য** এবং

২৬। গীতার বিখ্যাত অনুবাদক **দেবেন্দ্রবিজয় বসু**—শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় এই তিন জন সাহিত্য-সেবকের চিত্র সংগ্রহ করিয়া দিবেন জানাইয়াছেন এবং কার্য্য-নির্ব্বাহক-সমিতি স্থির করিয়াছেন যে, ইঁহাদের চিত্র পরিষৎ মন্দিরে রক্ষিত হইবে।

২৭। **সারদাচরণ মিত্র স্মৃতি**—পরিষদের ভূতপূর্ব্ব সভাপতি স্বর্গীয় মিত্র মহাশয়ের স্মৃতি রক্ষার কোন ব্যবস্থা আলোচ্য বর্ষেও করিতে পারা যায় নাই। সম্পাদক এ বিষয়ে সাধারণের সাহায্য প্রার্থনা করিতেছেন।

২৮। **কৃষ্ণচন্দ্র মজুমদার-স্মৃতি**—কবির সেনহাটীস্থ বাড়ীতে মর্ম্মর-ফলক স্থাপনের জন্য জমি পাওয়া গিয়াছে এবং মর্ম্মরফলকও প্রস্তুত হইয়া পরিষৎ মন্দিরে রক্ষিত আছে। কিন্তু স্তম্ভ নির্ম্মাণের উপযুক্ত অর্থ এখনও সংগৃহীত না হওয়ায়, আলোচ্য বর্ষে ইহার কার্য্য কিছুই অগ্রসর হয় নাই।

২৯। **কাশীরাম স্মৃতি-সমিতি**—আলোচ্য বর্ষে এ বিষয়ে কার্য্য বিশেষ কিছু অগ্রসর হয় নাই। কবির ভিটার বর্ত্তমান মালিকগণ উহা পরিষৎকে দান করিয়াছেন এবং দলিল প্রস্তুতের ব্যবস্থা হইতেছে। সৌধ নির্ম্মাণের জন্য এক লক্ষ ইট সিঙ্গী গ্রামে প্রস্তুত হইয়া রহিয়াছে। এই সমিতির হস্তে ২৭০৬০/১৫ আছে।

৩০। **রায় শরচ্চন্দ্র দাস বাহাদুর-স্মৃতি**—বিগত ১৩২৫ সালের ৩০শে আষাঢ় তারিখে ইঁহার চিত্র প্রতিষ্ঠা হইয়াছে। ইহা ছাড়া তিব্বতীয় মৌলিক বিষয়ের অনুশীলন জন্য একটি পদক দিবার সংকল্প সমিতি কর্ত্তৃক গৃহীত হইয়াছিল। কিন্তু আলোচ্য বর্ষে ইহার কোনও ব্যবস্থা করিতে পারা যায় নাই।

৩১। **রায় কালীপ্রসন্ন ঘোষ বাহাদুর**—বিখ্যাত সাহিত্যিক কালীপ্রসন্ন ঘোষ মহাশয়ের একখানি তৈলচিত্র রাখিবার প্রস্তাব গৃহীত হইয়াছে এবং ফটো সংগ্রহ হইয়াছে। কিন্তু অর্থাভাববশতঃ কাজ কিছুই অগ্রসর হয় নাই।

৩২। **মহারাজ কুমুদচন্দ্র সিংহ**—ইঁহার ফটো এ পর্য্যন্ত পাওয়া যায় নাই। মহারাজের পুত্র মহারাজ শ্রীযুক্ত ভূপেন্দ্রচন্দ্র সিংহ বাহাদুর স্বর্গীয় মহারাজের একখানি চিত্র দান করিবেন, জানাইয়াছেন। পরিষৎ তজ্জন্য তাঁহার নিকট আন্তরিক কৃতজ্ঞ।

৩৩। **কবিরাজ দুর্গানারায়ণ সেন শাস্ত্রী**—পরিষদের ভূতপূর্ব্ব সহকারী সম্পাদক শাস্ত্রী মহাশয়ের স্মৃতি-ভাণ্ডারে এ পর্য্যন্ত ৭৩৲ টাকা সংগৃহীত হইয়াছে এবং সমিতি স্থির করিয়াছেন যে, ইঁহার একখানি কলার্ড ব্রোমাইড চিত্র পরিষদে রক্ষিত হইবে।

"রাজমালা," "সেনরাজগণ" প্রভৃতি গ্রন্থপ্রণেতা এবং বিবিধ মাসিক পত্রে ঐতিহাসিক

প্রবন্ধলেখক ৩৪। **কৈলাসচন্দ্র সিংহ,** ৩৫। বিখ্যাত ঔপন্যাসিক **দামোদর মুখোপাধ্যায়,** ৩৬। পরিষদের শৈশব অবস্থায় উৎসাহী সদস্য **চারুচন্দ্র ঘোষ,** ৩৭। "সন্ধ্যা"-সম্পাদক **ব্রহ্মবান্ধব উপাধ্যায়,** ৩৮। "নবশক্তি"-সম্পাদক **মনোরঞ্জন গুহ ঠাকুরতা,** ৩৯। বঙ্গভাষায় চিকিৎসাশাস্ত্রের বহু গ্রন্থপ্রণেতা ডাঃ **রাধাগোবিন্দ কর,** ৪০। **হরিশ্চন্দ্র তর্করত্ন**—এই সকল মহানুভব সাহিত্য-সেবিগণের স্মৃতিরক্ষার ভার সাহিত্য-পরিষৎ গ্রহণ করিয়াছেন। কিন্তু দুঃখের বিষয়, অর্থাভাববশতঃ এ যাবৎ কার্য্য কিছুই সম্পন্ন করিতে পারেন নাই; সাধ্যানুসারে চেষ্টা করিতেছেন মাত্র। পরিষৎ আশা করেন, এই সকল সাহিত্য-সেবকগণের স্মৃতিরক্ষা-কার্য্যে সদস্যগণ এবং সহৃদয় বঙ্গবাসী মাত্রেরই সাহায্য পাওয়া যাইবে।

আরবী ও ফারসী বর্ণমালা বঙ্গভাষায় লিপ্যন্তর করিবার জন্য গঠিত শাখা-সমিতি।

আলোচ্য বর্ষে এই শাখা-সমিতির উল্লেখযোগ্য কোন কার্য্য হয় নাই। মৌলবী মুহম্মদ্ শহীদুল্লাহ্ এম্ এ, বি এল্ মহাশয় এই শাখা-সমিতির আহ্বানকারী ছিলেন।

গণিত-সমিতি

আলোচ্য বর্ষে এই সমিতির উল্লেখযোগ্য কোন কার্য্য হয় নাই। অধ্যাপক শ্রীযুক্ত হেমচন্দ্র সেনগুপ্ত এম্ এ মহাশয় এই সমিতির সম্পাদক ছিলেন।

পরিষৎ মন্দির

আলোচ্য বর্ষে পরিষৎ মন্দিরের সংস্কারকার্য্য বিশেষভাবে কিছুই হয় নাই। যে সকল সংস্কারের ব্যবস্থা করা হইয়াছিল, তাহা অর্থাভাবে কার্য্যে পরিণত করিতে পারা যায় নাই। আগামী বর্ষে এই সংস্কারগুলি না করিলে পরিষৎ মন্দিরের সমূহ ক্ষতি হইবার সম্ভাবনা।

চিত্রশালার দ্রব্যাদি রাখিবার জন্য একটি র‍্যাক প্রস্তুত হইয়াছে। এখনও অনেক আসবাবের প্রয়োজন।

পুস্তকালয়ের জন্য পুস্তকাধার প্রস্তুত না করিলে পুস্তকাদি রক্ষার বিশেষ স্থানাভাব ঘটিয়াছে। একটি বৃহৎ শো-কেস প্রস্তুত করিবার ব্যবস্থা হইয়াছে মাত্র, তাহাও কার্য্যে পরিণত করিতে পারা যায় নাই।

নিম্নলিখিত চিত্রগুলি পরিষৎ মন্দিরে প্রতিষ্ঠিত হইয়াছে,—

(ক) কবি অক্ষয়কুমার বড়াল মহাশয়ের তৈলচিত্র। চিত্রশিল্পী শ্রীযুক্ত ভবানীচরণ লাহা মহাশয় ইহা স্বহস্তে আঁকিয়া পরিষৎকে দান করিয়াছেন।

(খ) স্যর গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের তৈলচিত্র। স্যর গুরুদাস বন্দ্যোপাধ্যায়-স্মৃতি-তহবিলের অর্থ হইতে প্রস্তুত হইয়াছে। চিত্রকর—শ্রীযুক্ত চিন্তামণি মায়া।

(গ) আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয়ের তৈলচিত্র। শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ মহাশয় ৫৫০৲ ব্যয়ে এই চিত্র প্রস্তুত করাইয়া পরিষৎকে দান করিয়াছেন। চিত্রশিল্পী—শ্রীযুক্ত পুলিনকৃষ্ণ কুণ্ডু।

(ঘ) সখারাম গণেশ দেউস্কর মহাশয়ের ব্রোমাইড চিত্র। গুরুদাস চট্টোপাধ্যায়-স্মৃতি-তহবিলের অর্থ হইতে প্রস্তুত। চিত্রশিল্পী—শ্রীযুক্ত অজিতকুমার সেন।

(ঙ) মীর মশাররফ্ হোসেন সাহেবের ব্রোমাইড চিত্র। ঐ তহবিল হইতে উক্ত চিত্রকর দ্বারা প্রস্তুত।

(চ) শরচ্চন্দ্র দেব বি এ মহাশয়ের ব্রোমাইড চিত্র। বঙ্গীয় ছাত্র-সম্মিলনী হইতে প্রাপ্ত।

(ছ) আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও ব্যোমকেশ মুস্তফী মহাশয়ের যুগ্ম-চিত্র। শ্রীযুক্ত খগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয় এই চিত্র দান করিয়াছেন। চিত্রশিল্পী—শ্রীযুক্ত অজিতকুমার সেন।

(জ) ননীলাল বন্দ্যোপাধ্যায়—শ্রীযুক্ত ডাঃ প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় এম্ এ, ডি এস্ সি, ব্যারিষ্টার মহাশয় তাঁহার পিতার একখানি তৈলচিত্র দান করিয়াছেন।

চিত্রদাতৃগণকে পরিষদের আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ প্রদান করা যাইতেছে।

সম্বর্দ্ধনা

আলোচ্য বর্ষে কার্য্য-নির্ব্বাহক-সমিতির নির্দ্দেশ অনুসারে নিম্নলিখিত সম্বর্দ্ধনাগুলির ব্যবস্থা হইয়াছিল। এই জন্য পৃথক্ অর্থসংগ্রহ করা হইয়াছিল। যাঁহারা চাঁদা দিয়াছিলেন, তাঁহাদের নামের তালিকা পরিশিষ্টে প্রকাশিত হইল। পরিষৎ তাঁহাদের নিকট বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছেন।

(ক) আচার্য্য স্যর শ্রীযুক্ত জগদীশচন্দ্র বসু মহাশয় তাঁহার আবিষ্কারের বিষয় বিদেশের পণ্ডিত-সমাজে সুপ্রতিষ্ঠিত করিয়া স্বদেশে প্রত্যাবর্ত্তন করার পর, তাঁহাকে সম্বর্দ্ধিত করা হয়। অন্যান্য আয়োজনের মধ্যে তাঁহাকে একটি সোনার দোয়াত ও সোনার কলম পরিষৎ হইতে উপহার প্রদত্ত হয়।

(খ) কলিকাতায় সায়ান্স কংগ্রেস (Science Congress) উপলক্ষে আগত প্রতিনিধিগণকে সম্বর্দ্ধনা করা হয়।

(গ) একাদশ হিন্দী সাহিত্য-সম্মিলন উপলক্ষে কলিকাতায় আগত প্রতিনিধিগণকে সম্বর্দ্ধনা করা হয়।

সাহিত্যিক অনুসন্ধান

বঙ্গদেশের বাহিরে বহু সাহিত্যিক, সাহিত্যাদি নানা তথ্যের বিবরণ চাহিয়া পরিষদের কর্ত্তৃপক্ষের নিকট পত্র লিখিয়াছিলেন। প্রায় প্রত্যেকের প্রশ্নের যথাসাধ্য উত্তর দেওয়া হইয়াছিল। এই বিষয়ে অনেক সদস্য পরিষৎকে সাহায্য করিয়াছেন, তজ্জন্য পরিষৎ তাঁহাদের নিকট কৃতজ্ঞ।

মন্দির ব্যবহার

আলোচ্য বর্ষে কার্য্যনির্ব্বাহক-সমিতির আদেশে বিবেকানন্দ সোসাইটীর একটি অধিবেশনের জন্য এবং রজনীকান্ত সেন মেমোরিয়াল স্কুলের অর্থসাহায্যার্থ বিনা খরচে অধিবেশন করিবার জন্য পরিষদের হল ব্যবহার করিতে দেওয়া হইয়াছিল। তদ্ব্যতীত পূর্ব্বলিখিত ব্যবস্থানুসারে ৫৲ দৈনিক খরচ লইয়া ৪ দিন অন্যান্য সভার অধিবেশনের জন্য পরিষদের হল দেওয়া হইয়াছিল।

আলোচ্য বর্ষে আগ্রায় "অখিল ভারতীয় সাহিত্য-সম্মিলনে," মেদিনীপুর-শাখা-পরিষদের বার্ষিক অধিবেশনে, কলিকাতার হিন্দী সাহিত্য-সম্মেলনে, এবং কলিকাতার "পঞ্জিকা-সংস্কার মহাসভায়" পরিষৎ কর্ত্তৃক প্রতিনিধি প্রেরিত হইয়াছিল। যে সকল সভা হইতে প্রতিনিধি প্রেরণের জন্য পত্র পাওয়া গিয়াছিল, সেই সকল সভার কর্ত্তৃপক্ষকে পরিষদের ধন্যবাদ অর্পণ করা যাইতেছে।

প্রতিনিধি প্রেরণ

আলোচ্য বর্ষে রমেশ-ভবন-সমিতির অন্যতম সম্পাদক সুরেশচন্দ্র সমাজপতি মহাশয়ের মৃত্যু হইয়াছে। কর্ত্তৃপক্ষগণের যত্নে আলোচ্য বর্ষে প্রায় ১৪০০০৲ টাকা সংগৃহীত হইয়াছে। চাঁদাদাতৃগণের নাম পরিশিষ্টে প্রকাশিত হইল। বর্দ্ধমান-বিভাগের কমিশনার শ্রীযুক্ত জে এন গুপ্ত মহাশয় ও কর্পোরেশনের সেক্রেটারী শ্রীযুক্ত জে সি মুখার্জ্জি মহাশয় এবং শ্রীযুক্ত কালিদাস মিত্র মহাশয় রমেশ-ভবন নির্ম্মাণের জন্য যথেষ্ট পরিশ্রম ও যত্ন করিতেছেন—তজ্জন্য তাঁহারা দেশবাসীর কৃতজ্ঞতাভাজন। যে টাকা উঠিয়াছে, তদ্দ্বারা একটি একতল মন্দির নির্ম্মিত হইবে স্থির হইয়াছে এবং গৃহ-নির্ম্মাণের ব্যবস্থা হইতেছে।

রমেশ-ভবন

আমার ব্যক্তিগত কয়েকটি কথা না বলিলে আমার পক্ষে কর্ত্তব্যের ত্রুটি হয়। বঙ্গবাণীর সেবকগণের মধ্যে আমাপেক্ষা অনেক যোগ্যতর ব্যক্তি আছেন, অনেক কর্ম্মী আছেন, যাঁহাদিগের দ্বারা সাহিত্য-পরিষদের সম্পাদকতা-কার্য্য অধিকতর সুষ্ঠু ও সুশৃঙ্খল-ভাবে পরিচালিত হওয়ার সম্ভাবনা। কিন্তু এই গুরু ভার তাঁহাদিগের উপর অর্পিত না হইয়া, আমার উপর ন্যস্ত রহিয়াছে। সুতরাং আমার ক্ষুদ্র শক্তিতে যথা-সম্ভব কাজ করিবার চেষ্টা করিতেছি। শ্রদ্ধাভাজন সভাপতি মহাশয়ের উপদেশ এবং বিভিন্ন বিভাগীয় কর্ম্মাধ্যক্ষগণের আন্তরিক চেষ্টা ও যত্ন পরিষদের সকল কার্য্য সম্পাদনে আমাকে সাহায্য করিয়াছে। এই সকল সহায়তা না পাইলে আমার পক্ষে সম্পাদকের কাজ চালান আদৌ সম্ভব হইত না। কর্ম্মাধ্যক্ষদিগের মধ্যে প্রথমেই বন্ধুবর শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহাশয়ের নাম করিতে হয়। তিনি সমস্ত বৎসর ধরিয়া পরিষদের কাজে যথেষ্ট সময় ব্যয় করিয়াছেন এবং তাঁহার নিজের বিভাগের কার্য্য সুসম্পন্ন করিয়া, প্রয়োজনানুসারে গ্রন্থাগার, পুথিশালা, চিত্রশালা প্রভৃতি অন্যান্য প্রায় সকল বিভাগের কার্য্যেই যথেষ্ট সহায়তা করিয়াছেন। শ্রীযুক্ত মনোমোহন গঙ্গোপাধ্যায় এবং শ্রীযুক্ত জ্ঞানেন্দ্র-নাথ ঘোষ মহাশয়দিগের নামও বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁহাদের একান্ত যত্নে ও অক্লান্ত পরিশ্রমে তাঁহাদের বিভাগীয় কার্য্যে যথেষ্ট শৃঙ্খলা ও উন্নতি হইয়াছে, এ কথা অস্বীকার করিবার উপায় নাই। কর্ম্মাধ্যক্ষগণের এইরূপ সহানুভূতি ও সাহায্য না পাইলে পরিষদের অনেক কাজ একেবারে বন্ধ রাখা ভিন্ন গত্যন্তর থাকিত না। ভরসা করি, তাঁহাদের এই উদ্যম ও সহানুভূতি উত্তরোত্তর বর্দ্ধিত হইবে।

উপসংহার

পরিষদের কর্ম্মাধ্যক্ষ-পদে বৃত না হইয়াও বন্ধুবর শ্রীযুক্ত নলিনীরঞ্জন পণ্ডিত মহাশয় স্বতঃপ্রবৃত্ত হইয়া পরিষদের কার্য্যে আমাকে যেরূপভাবে সাহায্য করিয়াছেন, তজ্জন্য আমি

তাঁহার নিকট বিশেষভাবে ঋণী এবং পরিষদের পক্ষ হইতে আমি তাঁহাকে বিশেষভাবে ধন্যবাদ দিতেছি। পরিষদের কর্ম্মক্ষেত্র উত্তরোত্তর অধিকতর বিস্তীর্ণতা লাভ করিয়াছে ও করিতেছে। তদুপরি পরিষদের বৈশিষ্ট্য ইহার কর্ম্মক্ষেত্রকে সমধিক জটিলতাপূর্ণ করিয়া তুলিয়াছে। এই বিশাল কর্ম্মক্ষেত্রে বহুতর কর্ম্মীর প্রয়োজন। কিন্তু অনেক বিশিষ্ট কর্ম্মী এখনও পরিষদের বাহিরে রহিয়াছেন, ইহা বড়ই দুঃখের বিষয়। বাঙ্গালীর জাতীয় সাহিত্যের বিভিন্ন বিভাগে করিবার মত কত কাজ পড়িয়া রহিয়াছে, বঙ্গবাণীর সেবক মাত্রেই তাহা জানেন ও অনুভব করেন। কিন্তু পরিতাপের বিষয়, উপযুক্ত কর্ম্মীর অভাবে সে সকল কাজের আরম্ভ পর্য্যন্ত আজও হইল না। পরিষৎ বাঙ্গালার জাতীয় প্রতিষ্ঠান। ইহা সমগ্র বাঙ্গালীর আদরের, শ্রদ্ধার ও গৌরবের বস্তু। সমগ্র বঙ্গদেশ সর্ব্বতোমুখী প্রতিভা লইয়া পরিষদের গৌরব বৃদ্ধি করিবার জন্য অগ্রসর হন, ইহাই আমার প্রার্থনা। সম্মিলিত জাতির শক্তি-সমন্বয়ে পরিষদের শক্তি বর্দ্ধিত হইলে পরিষৎ অধিকতর দ্রুত গতিতে নিজ কর্ত্তব্য-পথে অগ্রসর হইতে পারিবে, সে বিষয়ে সন্দেহ মাত্র নাই। সমগ্র জাতির মিলিত শক্তিতে পরিষদের সাফল্য অবশ্যম্ভাবী। বঙ্গবাণী-সেবকগণ অচিরে পরিষৎ-ক্ষেত্রে সমুদিত হইলে, এই কল্পনা কার্য্যে পরিণত হইতে বিলম্ব হইবে না।

পরিষদের সুবিস্তীর্ণ কর্ম্মক্ষেত্রে বাঙ্গালী জাতির সাহায্য প্রয়োজন। এরূপ স্থলে শ্রীযুক্ত অমূল্যবাবু, শ্রীযুক্ত মনোমোহন বাবু, শ্রীযুক্ত জ্ঞানেন্দ্র বাবু, শ্রীযুক্ত নলিনী বাবু প্রভৃতি মুষ্টিমেয় কর্ম্মীর সহায়তায় যে আংশিক সিদ্ধিলাভ করা গিয়াছে, তজ্জন্য তাঁহারা পরিষদের ধন্যবাদভাজন।

বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ মন্দির।
বঙ্গাব্দ ১৩২৮, ২৮এ জ্যৈষ্ঠ।

শ্রীখগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়
সম্পাদক।

সপ্তবিংশ সাংবৎসরিক আয়-ব্যয়-বিবরণ

আয়		ব্যয়	
১। চাঁদা	৯৪১৩৲	১। গ্রন্থাবলী মুদ্রণ	১৯৩৯৷৷৯
২। প্রবেশিকা	১১৮৲	২। পত্রিকা, পঞ্জিকা ও কার্য্য-বিবরণ মুদ্রণ	৩২৫৮/৩
৩। পুস্তক ও গ্রন্থাবলী বিক্রয়	৮৩৫৷৷৵০	৩। পুস্তকালয়	১৫১১৻৯
৪। পত্রিকা বিক্রয়	৭৪০৷৷০	৪। পুথিশালা	১৬৫৸৵৯
৫। বিজ্ঞাপনের আয়	৩২৮৷৷০	৫। বিবিধ মুদ্রণ	৪০৯৸৵৬
৬। সুদ আদায়	৬৬৮৸৯	৬। চিত্রশালা	৯৩৷
৭। এককালীন দান	১৮৭২৲	৭। ডাকমাশুল	১৩৮৪৷৷/০
৮। স্মৃতিরক্ষা	১৬২০৷/৬	৮। মেরামত	৩৯৬৶/৯
৯। পদক ও পুরস্কার	৩৫৲	৯। বিজ্ঞাপনের কমিশন	৭১৲
১০। পুস্তক বিক্রয়ের খরচ আদায়	৩৪৷৷/৬	১০। মিউনিসিপ্যাল্ ট্যাক্স	২৬২৲
১১। বিবিধ আয়	৫১৷৷৵৬	১১। ইলেকট্রিক আলোক ও পাখার বিল	১৮৪৷৶০
১২। স্যর জগদীশ সম্বর্দ্ধনার আয়	২৯২৲	১২। ভৃত্যদিগের ঘরভাড়া	৯১৷৷০
১৩। হাওলাত আদায়	১৩২৩৷৷৵৯	১৩। ,, পোষাক	৫৮৷৷০
১৪। সেভিংস্ ব্যাঙ্ক গচ্ছিত হিসাবে ফেরত জমা	২২৫০৲	১৪। দপ্তরসরঞ্জামী	২২৩৶/৩
১৫। হাওলাত জমা	১৫০০৲	১৫। নূতন আসবাব	৪১৷০
১৬। আমানত জমা	১০৫৷০	১৬। গাড়ীভাড়া	১৪৫৻৩
১৭। ছুঃস্থ সাহিত্যিক-ভাণ্ডারে দান	১৫০৯৲	১৭। সাহিত্য-সম্মিলন	৯৬৷৵৬
	২২৬৯৭৸৶০	১৮। স্মৃতিরক্ষার ব্যয়	৪২৯৷/৬
		১৯। পুস্তক বিক্রয়ের খরচ	২৯৵০
বাকি ঃ—		২০। স্থায়ী তহবিলের দেনা শোধ	৫০০৲
গত বর্ষের উদ্বৃত্ত—	২৩৫৮০৷৬	২১। পদক ও পুরস্কার	১০৬৲
বর্ত্তমান বর্ষের সাধারণ তহবিলের আয়— (বাদ ডাকঘর হইতে জমা)	১৮৯৪৭৸৶০	২২। বিবিধ ব্যয়	১৯৮৸৵৯
		২৩। স্যর জগদীশ সম্বর্দ্ধনার ব্যয়	৬৪৫৷/৯
		২৪। সুদ খাতে খরচ	৮৪/০
	৪২৫২৮৶/৬	২৫। বেতন ও কমিশন	৩৫২৩৶/৯
			১৫৬৪৮৷৷৯

			জের—	১৫৬৪৮৷৷৯০
		২৬।	হাওলাত দাদন	১৯৪৯৮৵৩
		২৭।	হাওলাত শোধ	৫০০৲
বাদ বর্ত্তমান বর্ষের সাধারণ		২৮।	আমানত শোধ	১২৩৮৵০
তহবিলের ব্যয়—	১৮৮৪৩৷০	২৯।	সেভিংস্ ব্যাঙ্ক গচ্ছিত হিসাবে খরচ	২২১০৲৯
(বাদ ডাকঘরে গচ্ছিত জন্য খরচ)	২৩৬৮৪৸৶৬	৩০।	কোম্পানীর কাগজ খাতে	১৭০০৲
এতদ্ব্যতীত কোম্পানীর কাগজ মজুত	১৭০০৲	৩১।	দুঃস্থ সাহিত্যিক-ভাণ্ডার	৫৲
উদ্বৃত্ত	২৫৩৮৪৸৶৬			২২১৩৭৷৴৯

উদ্বৃত্ত টাকার জায়

(ক) সাধারণ তহবিল—	২৩৭৷৷৬
কোষাধ্যক্ষ মহাশয়ের নিকট মজুত—	১৯২৸৶৯
কার্য্যালয়ে নগদ মজুত—	১৬৷৴৬
কার্য্যালয়ে ডাকটিকিট মজুত—	২৮৶৩
	২৩৭৷৷৬
(খ) বিশিষ্ট ভাণ্ডার	২৫১৪৭৷৵০
কোম্পানীর কাগজ মজুত—	১৪৭০০৲
পোর্টট্রাষ্ট ডিবেঞ্চার—	৫০০০৲
টারমিনেরল ওয়ার লোন—	১০০০৲
ওয়ার বণ্ড—	৫০০৲
ডাকঘরে মজুত—	৩৩৩৯৷৶৬
কোষাধ্যক্ষ মহাশয়ের নিকট মজুত—	৫৮৮৲৬
সম্পাদক মহাশয়ের নিকট মজুত—	২০৲
	২৫১৪৭৷৵০
	২৫৩৮৪৸৶৬

শ্রীহরপ্রসাদ শাস্ত্রী—আয়-ব্যয়-সমিতির, কার্য্যনির্ব্বাহক-সমিতির ও বার্ষিক অধিবেশনের সভাপতি।

পরীক্ষায় হিসাব নির্ভুল দেখা গেল,

শ্রীউপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় }
শ্রীভূতনাথ মুখোপাধ্যায় } আয়-ব্যয়-পরীক্ষক।

৩১৷২৷২৮

শ্রীপ্রফুল্লনাথ ঠাকুর—কোষাধ্যক্ষ।
শ্রীখগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়—সম্পাদক।
শ্রীহেমচন্দ্র ঘোষ—সহকারী সম্পাদক।

৪৷২৷২৮

শ্রীরামকমল সিংহ—প্রধান কর্ম্মচারী।
শ্রীসূর্য্যকুমার পাল—হিসাব-রক্ষক।

১৷২৷২৮

মন্তব্য :—ব্যয়ের ২৩ দফায় যে ৪৪৫৷৴৯ টাকা ব্যয় হইয়াছে, তন্মধ্যে চাঁদা আদায় ও পরিষদের দেয় টাকা বাদে ১২৮৷৴৯ টাকা সাধারণ তহবিল হইতে হাওলাত দেওয়া হইয়াছে।

১৩২৭ বঙ্গাব্দের বিভিন্ন বিশিষ্ট ভাণ্ডারের আয়-ব্যয়-বিবরণ

	বিবরণ	গত বর্ষের উদ্বৃত্ত	বর্ত্তমান বর্ষের আয়			মোট আয়	মোট ব্যয়	উদ্বৃত্ত	উদ্বৃত্ত টাকার জমা			হাওলাত
			নগদ	বই বিক্রয়	সুদ				কোম্পানীর কাগজ	ডাকঘরে	কোষাধ্যক্ষ	
১	সাধারণ স্থায়ী-তহবিল	১০৫৩৫।৶৯	…	…	…	১০৫৩৫।৶৯	…	১০৫৩৫।৶৯	৬৫০০৲	৬০২॥৶৯	…	৩৪৩২৸৶
২	গ্রন্থপ্রকাশ লালগোলা স্থায়ী-তহবিল	১৩৩৬৬।৬	…	৩৪০৸৶৬	৪৫৫৲	১৪১৬২৶০	৪৩৯৸৶৯	১৩৭২২৶৩	১৩০০০৲	…	…	৭২২৶৩
৩	রজনীকান্ত স্মৃতি-তহবিল	৩১৸০	…	…	৸৶০	৩২॥৶০	…	৩২।৶০	…	৩২॥৶০	…	…
৪	কাশীরাম স্মৃতি-তহবিল	২৬৩।৶৯	…	…	৭৶০	২৭০৸৶৯	…	২৭০৸৶৯	…	২৭০৸৶৯	…	…
৫	হেমচন্দ্র স্মৃতি-তহবিল	৬০৯॥৶৩	…	১৬৸৶০	১৬৲	৬৪২।৩	…	৬৪২॥৩	…	৬২৬৶০	১৬।/৩	…
৬	গ্রন্থপ্রকাশার্থ বিনয় বাবুর দান	২২৪০৲	…	…	৬০৲	২৩০০৲	…	২৩০০৲	…	১৩০০৲	…	১০০০৲
৭	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী স্মৃতি-তহবিল	৯৯৭৸/০	৫৮৪৲	…	…	১৫৮১৸/০	১১১৶৩	১৪৭০॥৶৯	…	৫০৭৲	…	৯৬৩॥৶৯
৮	অক্ষয়চন্দ্র সরকার স্মৃতি-তহবিল	১১৩৲	৯৬৲	…	…	২০৯৲	৯৩৶৩	১১৫৸/৯	…	…	১১	…
৯	স্যর গুরুদাস স্মৃতি-তহবিল	৫৫৲	১৪৪৲	…	…	১৯৯৲	১২৩৸০	৭৫।০	…	…	৭৫।০	…
১০	বঙ্কিমচন্দ্র স্মৃতি-তহবিল	৭১৪৲	৮৮০।০	…	…	১৫৯৪।০	১৫৯৪।০	…	…	…	…	…
১১	অক্ষয়কুমার বড়াল স্মৃতি-তহবিল	…	২০০৲	…	…	২০০৲	…	২০০৲	২০০৲	…	…	…
১২	মাইকেল মধুসূদন দত্ত স্মৃতি-তহবিল	…	১৩১৸৶৬	…	…	১৩১৸৶৬	২৯।/০	১০২।/৬	…	…	১০২।/৬	…
১৩	গুরুদাস চট্টোপাধ্যায় স্মৃতি-তহবিল	…	৫০৲	…	…	৫০৲	…	৫০৲	…	…	৫০৲	…
১৪	দুর্গানারায়ণ সেন স্মৃতি-তহবিল	২৩৲	৫১৲	…	…	৭৪৲	…	৭৪৲	…	…	৭৪৲	…
১৫	মনোমোহন চক্রবর্ত্তী স্মৃতি-তহবিল	…	৫০৲	…	…	৫০৲	…	৫০৲	…	…	৫০৲	…
১৬	সুরেশচন্দ্র সমাজপতি স্মৃতি-তহবিল	…	১০০৲	…	…	১০০৲	…	১০০৲	…	…	১০০৲	…
১৭	দুঃস্থ সাহিত্যিক ভাণ্ডার	…	১৫০৯৲	…	…	১৫০৯৲	৫৲	১৫০৪৲	১৫০০৲	…	৪৲	…
	মোট	২৮৯৪৯।৶৩	৩৭৯৬।৶৬	৩৫৭৸৬	৫৩৯/০	৩৩৬৪২৸৶৩	২৩৯৬৸/৩	৩১২৪৬/০	২১২০০৲	৩৩৩৯।৶৬	৫৮৮৲৬	৬১১॥৶০

শ্রীকিরণচন্দ্র দত্ত
কাশীরাম স্মৃতি-সমিতির কোষাধ্যক্ষ।
শ্রীনলিনীরঞ্জন পণ্ডিত
অক্ষয়চন্দ্র স্মৃতি-সমিতির সম্পাদক।

শ্রীউপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়
শ্রীভূতনাথ মুখোপাধ্যায়
আয়-ব্যয়-পরীক্ষক
১৬।২।২৮

শ্রীহরপ্রসাদ শাস্ত্রী—সভাপতি।
শ্রীখগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়—সম্পাদক।
শ্রীহেমচন্দ্র ঘোষ
সহকারী সম্পাদক।

শ্রীরামকমল সিংহ—প্রধান কর্ম্মচারী।
শ্রীসূর্য্যকুমার পাল—হিসাব-রক্ষক।
১।২।২৮

১৩২৭ বঙ্গাব্দের হাওলাত দাদনের হিসাব

গত বর্ষের হাওলাত দাদন—১৪২৯৸৶৬

বর্ত্তমান বর্ষের ,, ,, —১৯৪৯৸৵৩

৩৩৭৯৸/৯

বাদ বর্ত্তমান বর্ষের আদায়— ১৩২৩॥৵৯

২০৫৬৶০

জমা

১।	সম্পাদক—নবীনচন্দ্র-স্মৃতি	১০৲
২।	উইলকিন্স প্রেস	২৭৵০
৩।	মেসার্স এস্, কে, লাহিড়ী	৫৲
৪।	রামকুমার দত্ত	১৯৭৸৩
৫।	রামেন্দ্র সম্বর্দ্ধনা তহবিল	১৪৮৸০
৬।	শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত	১০০৲
৭।	,, দুর্গাদাস মিত্র	১০৲
৮।	ম্যানেজার কটন প্রেস	৪৯১॥০
৯।	শ্রীযুক্ত অমৃতগোপাল বসু	৸০
১০।	মহারাজকুমার শ্রীযুক্ত মহিমানিরঞ্জন চক্রবর্ত্তী	২৲
১১।	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-স্মৃতি তহবিল	৮৫০৲
১২।	রায় শরচ্চন্দ্র দাস বাহাদুর স্মৃতি-তহবিল	২৲
১৩।	ব্যোমকেশ পারিবারিক সাহায্য-ভাণ্ডার	২৲
*১৪।	রামেন্দ্রসুন্দর ত্রিবেদী স্মৃতি-সমিতি	২০৭।৯
১৫।	চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়-পারিবারিক সাহায্য-ভাণ্ডার	২৲
		২০৫৬৶০

* গত ২৩।১।২৮ তারিখের কার্য্যনির্ব্বাহক-সমিতিতে স্থির হইয়াছে যে, হাওলাতী টাকা উক্ত স্মৃতি-সমিতিতে ব্যয় হইবে না। পরিষদের সাধারণ তহবিল হইতে ব্যয় হইবে।

শ্রীহেমচন্দ্র ঘোষ
সহকারী সম্পাদক।

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।

১।২।২৮

১৩২৭ বঙ্গাব্দের আমানত জমার হিসাব

গত বর্ষের জের—————৫৭৩/৩

বর্ত্তমান বর্ষের আমানত জমা ১০৫।০

৬৭৮।/৩

বাদ বর্ত্তমান বর্ষের আমানত শোধ—১২৩৸৵০

৫৫৪।৶৩

জায়

১।	সম্পাদক—রঙ্গপুর শাখা-পরিষৎ	৪৭/৩
২।	ময়মনসিংহের কার্য্যবিবরণী মুদ্রণ বাবদ	২১।৶৬
৩।	সাহিত্য-সংরক্ষণ-সমিতি	১৪৫৲
৪।	খুচরা বাবদ	৬৮৸৵৬
৫।	বর্দ্ধমান মহারাজাধিরাজ বাহাদুরের সম্বর্দ্ধনা	১৭/০
৬।	কাশিমবাজার মহারাজা বাহাদুরের সম্বর্দ্ধনা	১০৸/০
৭।	৮ম সাহিত্য-সম্মিলনের কার্য্যবিবরণ বিক্রয়	১২৲
৮।	শ্রীযুক্ত কুমারদেব মুখোপাধ্যায়	৬৲
৯।	নব্যরসায়নী বিদ্যা পুস্তক বিক্রয়	॥৵০
১০।	ব্যোমকেশ পারিবারিক সাহায্য-ভাণ্ডারের পুস্তক বিক্রয়	৵০
১১।	৺পূর্ণেন্দুমোহন সেহানবীশ মহাশয়ের পারিবারিক সাহায্যের জন্য	৫৭॥০
১২।	শ্রীযুক্ত নৃপেন্দ্রনাথ চট্টোপাধ্যায় মহাশয়ের সাহায্য জন্য	৬৲
১৩।	,, প্রমথনাথ বসু মহাশয়ের পুস্তক বিক্রয়	৸৵০
১৪।	,, সঞ্জীবচন্দ্র সান্যাল	১৫৲
১৫।	গৌরপদতরঙ্গিণী বই বিক্রয়	৪৲
১৬।	পদক ও পুরস্কার	১৪২৲
		৫৫৪।৶৩

শ্রীহেমচন্দ্র ঘোষ
সহকারী সম্পাদক।

শ্রীসূর্য্যকুমার পাল
হিসাব-রক্ষক।
১।২।২৮

১৩২৮ বঙ্গাব্দের আনুমানিক আয়-ব্যয়-বিবরণ

আয়

১।	চাঁদা	১০,০০০৲
২।	প্রবেশিকা	১০০৲
৩।	পুস্তক ও গ্রন্থাবলী বিক্রয়	১০০০৲
৪।	পত্রিকা বিক্রয়	৮০০৲
৫।	বিজ্ঞাপনের আয়	৩৫০৲
৬।	সুদ আদায়	৯৫০৲
৭।	এককালীন দান	৩৩০০৲
৮।	স্মৃতিরক্ষার আয়	২০০০৲
৯।	পদক ও পুরস্কার	১০০৲
১০।	পুস্তক বিক্রয়ের খরচ আদায়	৫০৲
১১।	বিবিধ আয়	৫০৲
১২।	হাওলাত আদায়	১৫০৲
১৩।	গত বর্ষের উদ্বৃত্ত	১১২০৷৶০
		২০৫৭০৷৶০

শ্রীহরপ্রসাদ শাস্ত্রী—সভাপতি।
শ্রীখগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়।
শ্রীমহেন্দ্রনাথ মুখোপাধ্যায়।
শ্রীঅমূল্যচরণ বিদ্যাভূষণ।
শ্রীজ্ঞানেন্দ্রনাথ ঘোষ।
শ্রীহেমচন্দ্র ঘোষ।
আয়-ব্যয়-সমিতির সমাগত সভ্যগণ।

ব্যয়

১।	গ্রন্থাবলী মুদ্রণ	৩৬০০৲
২।	পত্রিকাদি মুদ্রণ	২৫০০৲
৩।	পুস্তকালয়	২০০০৲
৪।	পুথিশালা	৭৫০৲
৫।	চিত্রশালা	৫০০৲
৬।	বিবিধ মুদ্রণ	৪০০৲
৭।	ডাকমাশুল	১৫০০৲
৮।	বাড়ী মেরামত ও পায়খানা প্রস্তুত	৭৫০৲
৯।	বিজ্ঞাপনের কমিশন	৮০৲
১০।	মিউনিসিপ্যাল্ ট্যাক্স	৩০০৲
১১।	ইলেক্‌ট্রিক্ আলো ও পাখার বিল	১৭৫৲
১২।	ঘরভাড়া	১০০৲
১৩।	পোষাক	৭০৲
১৪।	দপ্তর-সরঞ্জামী	২২৫৲
১৫।	নূতন আসবাব	৭৫৲
১৬।	গাড়ীভাড়া	১৫০৲
১৭।	সাহিত্য-সম্মিলন	১০০৲
১৮।	ছাত্র-সভ্যের পুরস্কার	৮০৲
১৯।	পুস্তক বিক্রয়ের বিজ্ঞাপন	১০০৲
২০।	" " খরচ	৫০৲
২১।	স্মৃতিরক্ষার ব্যয়	২০০০৲
২২।	স্থায়ী তহবিলের দেনা শোধ	৫০০৲
২৩।	পদক ও পুরস্কার	১০০৲
২৪।	বিবিধ ব্যয়	২৫০৲
২৫।	সুদ খাতে	১১৬৲
২৬।	বেতন ও কমিশন	৩০০০৲
		২০৪৭১৲

কার্য্যালয়ে মজুদ পরিষদ্‌গ্রন্থাবলী

(১৩২৮ সালের চৈত্র শেষে)

	গ্রন্থের নাম	গত বর্ষের উদ্বৃত্ত	দান	বিক্রয়	মোট খরচ	বর্ষশেষে উদ্বৃত্ত
১।	কৃত্তিবাসী রামায়ণ (উত্তরাকাণ্ড) ...	৬৪	১	৪১	৪২	২২
২।	বিজয় পণ্ডিতের মহাভারত	৮০	০	১১	১১	৬৯
৩।	গৌরপদতরঙ্গিণী ...	৫৪	১	১৯	২০	৩৪
৪।	বিষ্ণুমূর্ত্তিপরিচয় ...	১৫৯২	২	৬২	৬৪	১৫২৮
৫।	মায়াপুরী	২৬৭	১	১৩	১৪	২৫৩
৬।	বিদ্যাপতির পদাবলী ...	২৪	১	২৩	২৪	০
৭।	কবি হেমচন্দ্র	৩২৭	২	৬৩	৬৫	২৬২
৮।	অবদানকল্পলতা ১।২ খণ্ড	১৫৮	২	১০২	১০৪	৫৪
৯।	শব্দকোষ ১।২।৩ খণ্ড ...	৩৪৭	০	৪৫	৪৫	৩০২
১০।	কল্কিপুরাণ	১৮৬	২	৬১	৬৩	১২৩
১১।	প্রাচীন পুথির বিবরণ ... (১ম খণ্ড, ২য় সংখ্যা)	১৮৫	২	৬৫	৬৭	১১৮
১২।	দুর্গামঙ্গল	২৮৩	২	৬৩	৬৫	২১৮
১৩।	চণ্ডীদাস	১৫৩	২	৬৩	৬৫	৮৮
১৪।	তীর্থ-মঙ্গল	৫৩৬	২	৬৩	৬৫	৪৭১
১৫।	মৃগলুব্ধ	৪১৮	২	৬২	৬৪	৩৫৪
১৬।	সত্যনারায়ণের পুথি ...	২০১	২	৬৪	৬৬	১৩৫
১৭।	পদকল্পতরু (১ম খণ্ড) ...	১০৪৬	৩	১১৫	১১৮	৯২৮
১৮।	মৃগলুব্ধসংবাদ ...	৫৬৪	২	৬১	৬৩	৫০১

গ্রন্থের নাম		গত বর্ষের উদ্বৃত্ত	দান /	বিক্রয়	মোট খরচ	বর্ষশেষে উদ্বৃত্ত
১৯।	তীর্থভ্রমণ	৪০৫	২	৬২	৬৪	৩৪১
২০।	বৌদ্ধ গান ও দোহা ...	২৯৯	৫	৬৩	৬৮	২৩১
২১।	ধর্ম্মপূজা-বিধান ...	৫২৯	১	৬২	৭৫	৪৫৪
২২।	শ্রীকৃষ্ণ-কীর্ত্তন ...	৬৩৩	৩	৮০	৮৩	৫৫০
২৩।	[illegible]	৩০১	২	৬৬	৬৮	২৩৩
২৪।	সারদা-মঙ্গল	৩১১	২	৬২	৬৪	২৪৭
২৫।	নেপালে বাঙ্গালা নাটক ...	২৯১	৩	৬৪	৬৭	২২৪
২৬।	গৌরাঙ্গসন্ন্যাস	২৯৬	২	৬৩	৬৫	২৩১
২৭।	ন্যায়দর্শন (১ম খণ্ড) ...	৭১৫	২	৬৯	৭১	৬৪৪
২৮।	গোরক্ষবিজয়	৮১২	২	৬৪	৬৬	৭৪৬
২৯।	রসমঞ্জরী	১৭	০	০	০	১৭
৩০।	ছুটীখানের মহাভারত ...	২০	০	০	০	২০
৩১।	জয়দেব-চরিত্র ...	৮৬	০	৬	৬	৮০
৩২।	বৈষ্ণব-পদাবলী ...	৯১	০	৯	৯	৮২
৩৩।	চৈতন্যমঙ্গল	৩০	০	৬	৬	২৪
৩৪।	ধর্ম্মমঙ্গল	২৮	০	০	০	২৮
৩৫।	কৃষ্ণপ্রেমতরঙ্গিণী ...	২৯	০	০	০	২৯
৩৬।	কাশীপরিক্রমা ...	২৬	০	০	০	২৬
৩৭।	রাধিকার মানভঙ্গ ...	১১৬	০	০	০	১১৬
৩৮।	রামায়ণতত্ত্ব (১ম খণ্ড) ...	৮	০	০	০	৮
৩৯।	রাধিকা-মঙ্গল ...	২৭	০	০	০	২৭
৪০।	বৌদ্ধধর্ম্ম ...	৯৮	০	৬	৬	৯২
৪১।	ব্রজপরিক্রমা ...	৩১	০	০	০	৩১
৪২।	শঙ্কর ও শাক্যমুনি ...	৭৬	০	৪	৪	৭২

	গ্রন্থের নাম	গত বর্ষের উদ্বৃত্ত	দান	বিক্রয়	মোট খরচ	বর্ষশেষে উদ্বৃত্ত
৪৩।	শূন্যপুরাণ …	২৩	০	০	০	২৩
৪৪।	নবদ্বীপপরিক্রমা …	৪	০	০	০	৪
৪৫।	শতপথব্রাহ্মণ (১ম খণ্ড) …	৩৭	০	০	০	৩৭
৪৬।	শতপথব্রাহ্মণ (২য় খণ্ড) …	৩৪	০	০	০	৩৪
৪৭।	চন্দ্রনাথ বসু …	২৮	০	০	০	২৮
৪৮।	কালীপ্রসন্ন বিদ্যাসাগর …	৩৯	০	০	০	৩৯
৪৯।	প্রাচীন গ্রীসের জাতীয় শিক্ষা	৫২	০	৪	৪	৪৮
৫০।	ঐতরেয় ব্রাহ্মণ …	২৭	০	০	০	২৭
৫১।	মহিলা ব্রতকথা …	২১	০	৭	৭	১৪
৫২।	রাসায়নিক পরিভাষা …	২৪	০	০	০	২৪
৫৩।	জ্যোতিষদর্পণ …	২৫৫	১	১৪	১৫	২৪০
৫৪।	সঙ্গীতরাগ-কল্পদ্রুম (১ম খণ্ড)	৮৮৩	০	২	২	৮৮১
৫৫।	ঐ (২য় খণ্ড) …	৮৭৮	০	২	২	৮৭৬
৫৬।	ঐ (৩য় খণ্ড) …	৮৬৩	০	৩	৩	৮৬০
৫৭।	গঙ্গামঙ্গল …	১১৩	০	২	২	১১১
৫৮।	মঙ্গলচণ্ডীপাঞ্চালিকা …	১৫৪	১	১৪	১৫	১৩৯
৫৯।	পদকল্পতরু (২য় খণ্ড) …	১৭৭০	৩	১১১	১১৪	১৬৫৬
৬০।	শ্রীভাষ্য (১ম ও ২য়খণ্ড)…	৪১	২	৮	১০	৩১
৬১।	ঐ (৩য় খণ্ড) …	৪৯	১	৩	৪	৪৫
৬২।	ঐ (৪র্থ খণ্ড) …	৫২	১	৪	৫	৪৭
৬৩।	ঐ (৫ম খণ্ড) …	৭৪	১	৪	৫	৬৯
৬৪।	শ্রীকৃষ্ণবিলাস … …	৮৫	১৪	২	১৬	৬৯
৬৫।	প্রাচীন পুথির বিবরণ (১ম খণ্ড, ১ম সংখ্যা) …	১০০	০	৩	৩	৯৭

	গ্রন্থের নাম	গত বর্ষের উদ্বৃত্ত	দান	বিক্রয়	মোট খরচ	বর্ষশেষে উদ্বৃত্ত
৬৬।	অবদানকল্পলতা (৩য় খণ্ড)	১৭৬	১	৫১	৫২	১২৫
৬৭।	ঐ (৪র্থ খণ্ড)	২৯৬	১	৫১	৫২	২৪৪
৬৮।	কৃত্তিবাসী রামায়ণ অযোধ্যা কাণ্ড ...	৬০	১	৪০	৪১	১৯
৬৯।	শব্দকোষ (৪র্থ খণ্ড) ...	২৪৩	০	১৬	১৬	২২৭
৭০।	ব্যাকরণ ...	৯৬	০	৩	৩	৯৩
৭১।	রামায়ণতত্ত্ব (২য় ভাগ) ...	২৭	০	০	০	২৭
৭২।	প্রাচীন পুথির বিবরণ (২য় খণ্ড, ১মসং) ...	২৪৯২	৪	১	৫	২৪৮৭
৭৩।	ভাষাতত্ত্ব (১ম খণ্ড) ...	৩৪	০	১	১	৩৩
৭৪।	ঐ (২য় খণ্ড) ...	২১	০	২	২	১৯

শ্রীঅমূল্যচরণ বিদ্যাভূষণ
সহকারী সম্পাদক।

শ্রীহরপ্রসাদ শাস্ত্রী
সভাপতি।

১৬।২।২৮

---

২ নং বেথুন রো, কলিকাতা, ভারতমিহির প্রেসে শ্রীসর্ব্বেশ্বর ভট্টাচার্য্য দ্বারা ২১ হইতে ২৬ নং ফর্ম্মা পর্য্যন্ত প্রবন্ধাংশ এবং ৩১০ নং আপার চিৎপুর রোড, আর মোনো প্রেসে বার্ষিক কার্য্য-বিবরণী ৮ম ও ৯ম ফর্ম্মা এবং ১৮।১ নং ফকিরচাঁদ মিত্রের ষ্ট্রীট, কলিকাতা কাত্যায়নী প্রেসে শ্রীদ্বিজেন্দ্রনাথ মিত্র দ্বারা কভার, বিজ্ঞাপন ও মাসিক কার্য্যবিবরণী ২ ফর্ম্মা ২৫ হইতে ৪০ পৃষ্ঠা মুদ্রিত।